
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার




# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৯৯ ● কলকাতা ● ২১ কার্তিক, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ০৭ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## 'পুলিশের উপর এত আত্মবিশ্বাস যখন তদন্ত হোক', রাজ্যের আবেদন খারিজ করে যা বলল হাইকোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধান বিচারপতির বেঞ্চে খারিজ রাজ্যের আবেদন। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মেয়ের বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য সংক্রান্ত মামলায় সিঙ্গেল বেঞ্চের রায়ের উপর হস্তক্ষেপ করল না হাইকোর্টের ডিভিশন বেঞ্চ ।মূল ঘটনা: অভিষেকের মেয়েকে কুৎসিত ভাষায় আক্রমণের মন্তব্যকে সমর্থন করে হাততালি দেওয়ার অভিযোগে দুই মহিলাকে গ্রেফতার করে পুলিশ। অভিযোগ ওঠে, হেফাজতে থাকাকালীন ওই দুই মহিলাকে ব্যাপক মারধর করে পুলিশ। এরপরই হাইকোর্টের দ্বারস্থ হন তারা। এর আগে সেই অভিযোগের ভিত্তিতে সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিল হাইকোর্টের (Calcutta High Court) সিঙ্গেল বেঞ্চ। পরে যার বিরোধিতা করে পাল্টা ডিভিশন বেঞ্চে যায় রাজ্য। সেই সময় উচ্চ আদালতের নির্দেশে ছিল, আপাতত CBI তদন্ত হবে না। বলা হয়েছিল, ৬ নভেম্বর পর্যন্ত ওই ঘটনায় মামলা দায়ের করতে পারবে না সিবিআই। এদিন প্রধান বিচারপতির বেঞ্চে মামলা উঠলে রাজ্যের আবেদন খারিজ হয়ে যায় ।প্রধান বিচারপতির বেঞ্চ জানাল সিবিআই-ই ওই ঘটনার তদন্ত করবে। যার জেরে ফের একবার অস্বস্তিতে রাজ্য সরকার।

এদিন প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ সাফ জানিয়েছে,

এরপর ৩ পাতায়




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যের ১১ লক্ষ মানুষকে বাংলা আবাস যোজনার মাধ্যমে পাকা বাড়ি তৈরি করে দেওয়ার লক্ষ্য নিয়েছে রাজ্যের ক্ষমতাসীন মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। সেই লক্ষ্যেই বাড়ি নির্মাণের জন্য উপভোক্তাদের হাতে টাকা তুলে দিতে রাজ্য সরকার গত অক্টোবর মাস থেকে সমীক্ষা করিয়েছে। গ্রামের সাধারণ মানুষও যাচাইয়ের এই কাজে অংশগ্রহণ করতে পারবেন। রাজ্য সরকারের লক্ষ্য, যোগ্য উপভোক্তাদেরই মাথার ওপর পাকা ছাদ করে দেওয়া। তাই তালিকায় যাতে কোনও বেনোজল ঢুকে না যায়, তা নানাভাবে সুনিশ্চিত করতে চাইছে প্রশাসন। বাড়ি দেওয়ার ক্ষেত্রে যোগ্য উপভোক্তা সুনিশ্চিত করতে একাধিক ধাপে যাচাই করা হচ্ছে। শুধুমাত্র প্রশাসনের আধিকারিকরাই বাড়ি গিয়ে সমীক্ষা করে চূড়ান্ত তালিকা তৈরি করবেন, এমনটা নয়। প্রশাসনিক আধিকারিকদের তৈরি প্রাথমিক তালিকা টাঙানো হবে, ব্লক অফিস মহকুমা অফিস ও জেলাশাসকের অফিসে। ২১ নভেম্বর থেকে ২৭ নভেম্বর পর্যন্ত এই তালিকা টাঙানো থাকবে। সেই তালিকায় কোনও অযোগ্য ব্যক্তির নাম থাকলে সাধারণ মানুষ প্রশাসনের কাছে অভিযোগ জানাতে পারবেন। সেইমতো অভিযোগের ভিত্তিতে প্রশাসনের আধিকারিক ফের সেই ব্যক্তির বাড়িতে যাচাই করবেন। রাজ্য সরকার ২০ ডিসেম্বর থেকে আবাসের জন্য প্রথম দফার টাকা দেওয়ার কাজ শুরু করে দিতে চাইছে। সেই লক্ষ্যেই যতটা দ্রুত সম্ভব আর যতটা নিখুঁত সম্ভব তালিকা তৈরি করা হচ্ছে ।সেই সমীক্ষাতেই প্রায় ২০ শতাংশ উপভোক্তাদের নাম বাদ গিয়েছে। কিন্তু স্বয়ং মুখ্যমন্ত্রী বিষয়টিকে মানবিক দৃষ্টিভঙ্গিতে দেখার পক্ষপাতী। ফলে বাদ পড়া ওই আবেদনকারীরা 'অযোগ্য' কি না, তা ফের সমীক্ষা করা হবে। সেই সুপার চেকিং নামের সমীক্ষা শুরু হতে চলেছে আগামিকাল থেকে। জেলাশাসক, পুলিস সুপার, অতিরিক্ত জেলাশাসক এবং মহকুমা শাসকের মতো

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর
মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট
কেশব চন্দ্র স্ট্রিটে,
অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও
সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে
উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ
E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)
ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা
ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ
সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা

Girl's Hostel


Boy's Hostel


আবাসিক
শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume
mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন
  সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
  মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স
  মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
  মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন
  ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী
  বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস
  দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# দ্বিতীয় মেয়াদে ট্রাম্প, আমেরিকায় অভিবাসন ও শুল্কে বৈরী নীতির মুখে পড়তে পারে মোদির ভারত




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে হোয়াইট হাউসে ফিরলে ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্ক কীভাবে প্রভাবিত হতে পারে তা নিয়ে প্রশ্ন উঠেছে। নির্বাচনী প্রচারণার সময় ট্রাম্প পরিষ্কারভাবে জানিয়েছেন, তিনি আমেরিকার পররাষ্ট্র নীতিতে পরিবর্তন আনতে চান, যেখানে 'সবার আগে আমেরিকা' নীতি বা আমেরিকার স্বার্থকে অগ্রাধিকার দেওয়া হবে।

সম্প্রতি ভারতীয় পররাষ্ট্রমন্ত্রী সুব্রহ্মণম জয়শঙ্কর বলেছেন, যুক্তরাষ্ট্রে যিনিই জেতেন না কেন, দেশটি হয়তো আরও বেশি করে 'একলা চলো' নীতি গ্রহণ করতে পারে। ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ট্রাম্পের ব্যক্তিগত সম্পর্ক 'হ্যালো মোদি' ও 'নমস্তে ট্রাম্প' এর মতো হাই প্রোফাইল অনুষ্ঠানে ফুটে উঠেছে বিভিন্ন সময়। ট্রাম্প প্রশাসনের সময় ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্কের একটি মূল দিক ছিল এই বিষয়গুলো।

ভারতের যুক্তরাষ্ট্রের অন্যতম গুরুত্বপূর্ণ কৌশলগত অংশীদার হলেও ট্রাম্পের দ্বিতীয় মেয়াদ নয়া দিল্লির জন্য বেশ কিছু সুযোগ ও চ্যালেঞ্জ নিয়ে আসতে পারে। বিশেষ করে, বাণিজ্য, অভিবাসন, সামরিক সহযোগিতা এবং কূটনীতিএই চারটি ক্ষেত্রে। ট্রাম্প ও মোদি পরস্পরকে একাধিকবার বন্ধু বলে সম্বোধন করলেও সামগ্রিকভাবে ট্রাম্পের নতুন মেয়াদে ভারত বেশ চ্যালেঞ্জের মুখেই পড়তে পারে।

সর্বশেষ, ডোনাল্ড ট্রাম্প আনুষ্ঠিকভাবে প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার আগেই তাঁকে অভিনন্দন জানিয়েছেন মোদি। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি 'অন্তরের অন্তস্তল থেকে অভিনন্দন' জানিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে শেয়ার করা এক টুইটে বলেছেন, 'আসুন, একসঙ্গে আমাদের জনগণের জন্য কাজ করি এবং বিশ্বশান্তি, স্থিতিশীলতা ও সমৃদ্ধিকে এগিয়ে নিই।'

ট্রাম্পের পররাষ্ট্রনীতিকে সহজভাবে উপস্থাপন করা হলে বলা যায়, এটি আমেরিকার স্বার্থকে অগ্রাধিকার দেয় এবং আন্তর্জাতিক চুক্তিতে জড়িয়ে পড়ার প্রবণতা কমায়। প্রথম মেয়াদে, ট্রাম্প প্যারিস জলবায়ু চুক্তি এবং ইরানের পরমাণু চুক্তি সহ গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক চুক্তিগুলো থেকে বেরিয়ে আসেন বা বিষয়বস্তু পরিবর্তন করেন। দ্বিতীয় মেয়াদে নির্বাচিত হলে, এ ধরনের নীতি অব্যাহত থাকলে ভারতসহ ঐতিহ্যগত মার্কিন মিত্র সম্পর্ক ও চুক্তিগুলোতে আবারও প্রভাব পড়তে পারে।

ট্রাম্পের নতুন প্রশাসন ভারত-মার্কিন বাণিজ্য সম্পর্ককে প্রভাবিত করতে পারে। গত মাসে ট্রাম্প অভিযোগ করেন, ভারত বিদেশি পণ্য আমদানিকে সর্বোচ্চ শুল্ক আরোপ করে থাকে এবং তিনি বলেন, নির্বাচিত হলে যুক্তরাষ্ট্রে প্রবেশ করা ভারতীয় পণ্যেও 'রেসিপ্রোকাল ট্যাক্স' (পারস্পরিক সমানুপাতিক কর) চালু করা হবে।

ট্রাম্প বলেন, 'আমার পরিকল্পনার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হলো, আমেরিকাকে অত্যন্ত ধনী করে তোলা এবং এর মূল কথা হচ্ছে সমান-সমান আচরণ। আমরা সাধারণত শুল্ক আদায় করি না। আমি সেই প্রক্রিয়া শুরু করেছি। চীন আমাদের পণ্যে ২০০ শতাংশ শুল্ক আরোপ করে, ব্রাজিল বড় ধরনের শুল্ক আরোপকারী, আর সব থেকে বড় শুল্কারোপকারী হলো ভারত।'

তিনি বলেন, 'ভারত খুব বড় ধরনের শুল্ক আরোপকারী দেশ। আমাদের ভারতের সঙ্গে খুব ভালো সম্পর্ক রয়েছে। বিশেষ করে দেশটির নেতা মোদির সঙ্গে, তিনি একজন মহান নেতা। সত্যিই তিনি একজন মহান ব্যক্তি। তিনি দেশকে ঐক্যবদ্ধ করেছেন, চমৎকার কাজ করছেন। কিন্তু তারাও বেশ বড় শুল্ক আদায় করে।'

ট্রাম্পের সম্ভাব্য এই শুল্কনীতি ভারতের আইটি, ওষুধ এবং টেক্সটাইল খাতে প্রভাব ফেলতে পারে। কারণ এই খাতগুলো মার্কিন বাজারের ওপর নির্ভরশীল। অপরদিকে, চীন থেকে বাণিজ্যিকভাবে বিচ্ছিন্ন হওয়ার জন্য ট্রাম্পের যে নীতি, তা ভারতের জন্য নতুন সম্ভাবনার দ্বার খুলতে পারে। মার্কিন কোম্পানিগুলো যেহেতু তাদের সরবরাহ চেইন চীন থেকে সরিয়ে আনতে চায়, এর ফলে ভারত নিজেকে একটি উৎপাদন হাব হিসেবে প্রতিষ্ঠা করার সুযোগ পেতে পারে।

ট্রাম্পের প্রথম মেয়াদের কড়া অভিবাসন নীতিমালা, বিশেষ করে এইচ-১বি ভিসা নীতি ভারতীয় পেশাজীবীদের ওপর উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে। তাঁর প্রথম শাসনামলে বিদেশি কর্মীদের বেতন বাড়ানোর প্রস্তাব দিয়েছিলেন এবং বাড়তি নিষেধাজ্ঞা আরোপের চেষ্টা করেছিলেন। যা ভারতীয় আইটি পেশাজীবী এবং প্রযুক্তি

এরপর ৩ পাতায়

# 'গোঁজ' কাঁটা তুলতে মরিয়া বিজেপি, মহারাষ্ট্রে ভোটের মুখে বহিষ্কৃত ৪০ নেতা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মহারাষ্ট্রে গোষ্ঠীকোন্দল এবং জোটের কাঁটা তুলতে মরিয়া বিজেপি। ভোটের ঠিক আগে আগে সেরাজ্যের প্রভাবশালী ৪০ নেতাকে বহিষ্কার করল গেরুয়া শিবির। এর মধ্যে এমন একাধিক নাম রয়েছে, যারা রাজ্য রাজনীতিতে বেশ পরিচিত মুখ।ভোটের আগে শৃঙ্খলার প্রশ্নে কোনওরকম আপস করা হবে না, এই বার্তা দিতেই দলের গুরুত্বপূর্ণ নেতাদের বহিষ্কার করা হয়েছে বলে বিজেপি সূত্রের খবর। তাছাড়া বিজেপির এই বিদ্রোহীদের নিয়ে জোট শরিকরাও অসন্তুষ্ট ছিলেন। সেটাও তাঁদের বহিষ্কারের পিছনে অন্যতম কারণ হতে পারে।


মহারাষ্ট্রের ভোটপর্বে শুরু থেকেই 'অতি সন্ন্যাসী'তে গাজন নষ্টের পরিস্থিতি বিজেপির। আসলে গত দুই নির্বাচনে মহারাষ্ট্রে বহরে বেড়েছে বিজেপি। তাছাড়া জোট শরিকদের জায়গা ছাড়তে এবার মাত্র ১৫২ আসনে লড়ছে গেরুয়া শিবির। সেই ১৫২ আসনের মধ্যেও অন্য ছোট শরিকদের জন্য ৪টি আসন ছাড়তে হয়েছে। পরিস্থিতি এমনই যে বিজেপি নেতাদেরও অন্য শরিকদের প্রতীকে লড়াই করতে হচ্ছে। অন্তত ১২ জন বিজেপি নেতা শিন্ডে সেনার টিকিটে লড়ছেন। আরও অন্তত পাঁচজন বিজেপি নেতা লড়ছেন এনসিপির অজিত শিবিরের হয়ে।বুধবার বিজেপির সম্পাদক (দপ্তর) মুকুল কুলকর্ণী এক বিবৃতিতে জানিয়েছেন, দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ৩৭টি বিধানসভা কেন্দ্রের মোট ৪০ জন নেতানেত্রীর বিরুদ্ধে পদক্ষেপ করা হয়েছে।বহিষ্কৃতদের মধ্যে বেশ কয়েকজন প্রভাবশালী রাজ্য নেতা রয়েছেন। যদিও এরা প্রত্যেকেই কোনও না কোনওভাবে বিদ্রোহী। এদের মধ্যে কেউ দলের টিকিট না পেয়ে দলেরই প্রার্থীর বিরুদ্ধে ভোটে দাঁড়িয়ে গিয়েছেন। কেউ কেউ আবার জোট শরিক শিন্ডে সেনা এবং এনসিপির অজিত শিবিরের বিরুদ্ধে ভোটে দাঁড়িয়েছেন। অনেকে সরাসরি নির্বাচনে না নামলেও প্রকাশ্যে এনডিএ জোটের শরিকদের বিরুদ্ধে সরাসরি বিরোধী শিবিরের প্রার্থীকে সমর্থন ঘোষণা করেছেন।







# গোপনে বাড়িতে এসেছিলেন পলাতক তৃণমূল কর্মী! তক্কে তক্কে ছিল এনআইএ, খবর পেয়েই গ্রেফতার





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পূর্ব মেদিনীপুরের ময়নায় বিজেপি নেতা খুনের ঘটনায় আরও এক অভিযুক্ত তৃণমূল কর্মীকে গ্রেফতার করল এনআইএ। ধৃত ওই তৃণমূল কর্মীর নাম নবকুমার মণ্ডল। মঙ্গলবার সন্ধ্যায় ময়নার বাকচা গ্রামের বাড়ি থেকেই ওই তৃণমূল কর্মীকে গ্রেফতার করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা।

তদন্তে নেমে আগেই বেশ কয়েকজনকে গ্রেফতার করেছিল এনআইএ। গ্রামে ক্যাম্প করে এলাকাবাসীকে জিজ্ঞাসাবাদের পাশাপাশি তদন্তও চালায় তারা। যদিও ঘটনার পর থেকেই পলাতক ছিলেন অন্যতম অভিযুক্ত তৃণমূল কর্মী নবকুমার মণ্ডল।

সূত্রের খবর, কয়েকদিন আগে গোপনে বাকচা গ্রামের বাড়িতে আসেন নবকুমার মণ্ডল। সেই খবর পেয়ে মঙ্গলবার সন্ধ্যায় ওই তৃণমূল কর্মীর বাড়িতে হানা দেয় এনআইএ-এর একটি দল। বাড়ি থেকেই গ্রেফতার করা হয় নবকুমারকে।

২০২৩ সালের মে মাসে ময়নার বাকচা গ্রামে গুলি করে খুন করা হয় বিজেপির স্থানীয় বুথ সভাপতি বিজয়কৃষ্ণ ভুঁইয়াকে।এই ঘটনায় অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। এই খুনের ঘটনাকে কেন্দ্র করে রীতিমতো উত্তপ্ত হয়ে উঠেছিল রাজ্য রাজনীতি। বিজেপির বুথ সভাপতির হত্যাকাণ্ডে এনআইএ তদন্তের নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। পরে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চও সেই নির্দেশই বহাল রাখে।

তদন্তে নেমে আগেই বেশ কয়েকজনকে গ্রেফতার করেছিল এনআইএ। গ্রামে ক্যাম্প করে এলাকাবাসীকে জিজ্ঞাসাবাদের পাশাপাশি তদন্তও চালায় তারা। যদিও ঘটনার পর থেকেই পলাতক ছিলেন অন্যতম অভিযুক্ত তৃণমূল কর্মী নবকুমার মণ্ডল।

# কোর কমিটিতে আর নয় কেষ্ট'র একাধিপত্য, থাকবে অভিষেকের প্রতিনিধিও




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দু'বছর জেলবন্দি থাকার পর দুর্গাপুজোর আগে বোলপুর ফিরেছেন বীরভূম জেলা তৃণমূলের সভাপতি অনুব্রত মণ্ডল। কিন্তু তাঁর প্রত্যাবর্তনের পর থেকে তৃণমূলের কোর কমিটির কোনও বৈঠক হয়নি। এমনকী, দলের বিজয়া সম্মিলনিতেও অনুব্রতর মঞ্চে দেখা যায়নি তাঁর বিরোধী বলে পরিচিত কোর কমিটির অন্যতম সদস্য কাজল শেখকে।লোকসভা নির্বাচনে ফল প্রকাশের পর সারা রাজ্যে নবনির্বাচিত সংসদ ও জেলা নেতৃত্বকে কালীঘাটের অফিসে ডেকে পাঠান দলনেত্রী। বীরভূম জেলার কোর কমিটিও সেই বৈঠকে ডাক পায়। সেখানে বীরভূম জেলার কোর কমিটির সদস্যদের নিজেদের কাজ চালিয়ে যাওয়ার নির্দেশ দেন দলনেত্রী। অনুব্রতর অনুপস্থিতিতে এ যাবৎ সেভাবেই কাজ করে এসেছে কোর কমিটি। কিন্তু তাঁর প্রত্যাবর্তনের পর থেকেই কোর কমিটি নিয়ে জেলা নেতৃত্বে সমন্বয়ের অভাব দেখা দেয়। কোর কমিটিকে এড়িয়ে বিজয়া সম্মিলনির তারিখ নির্ধারণ করেন খোদ জেলা সভাপতি। এতেই তরজা শুরু হয়। ফলে, কোনও সম্মিলনিতেই অনুব্রত-কাজলকে একসঙ্গে দেখা যায়নি। এই খবর রাজ্যের কানে যেতেই নড়েচড়ে বসে শীর্ষ নেতৃত্ব। সঙ্গে সঙ্গে জেলা সভাপতি ও কোর কমিটিরকে ডেকে বৈঠক ডাকার নির্দেশ দেওয়া হয় কমিটির আহ্বায়ক বিকাশ রায়চৌধুরীকে। আর সেই বৈঠকে পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের প্রতিনিধি। স্বভাবতই ওই বৈঠকে অনুব্রত মণ্ডলের ভূমিকা কী হয়, সেদিকেই নজর রয়েছে রাজনৈতিক কারবারিদের।ফলে, দল পরিচালনা নিয়ে জেলা নেতৃত্বের সমন্বয়ের অভাব সামনে আসতেই দ্রুত কোর কমিটির বৈঠক ডাকার নির্দেশ দিয়েছে রাজ্য নেতৃত্ব। পাশাপাশি বর্তমান পরিস্থিতির ওপরেও দলনেত্রী সহ শীর্ষ নেতৃত্বের নজর রয়েছে। এমতাবস্থায় অনুব্রত মণ্ডল থুড়ি কেষ্ট'র সঙ্গে কোর কমিটির বৈঠকে পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের এক প্রতিনিধি। এমনটাই জানিয়েছেন কোর কমিটির আহ্বায়ক বিকাশ রায়চৌধুরী। তবে, এখনও বৈঠকের তারিখ ঠিক হয়নি।গোরু পাচার মামলায় গ্রেফতার হওয়ার আগে পর্যন্ত বীরভূম জেলা তৃণমূলে একচ্ছত্র আধিপত্য ছিল অনুব্রত মণ্ডলের। তাঁর নির্দেশই ছিল শেষ কথা। কিন্তু তাঁর জেলবন্দি হওয়ার পর জেলা কে চালাবেন, এই নিয়ে দুশ্চিন্তায় পড়ে রাজ্য নেতৃত্ব। এমতাবস্থায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে বীরভূমের দায়িত্ব নেন। জেলার বিভিন্ন প্রান্তের নেতাদের নিয়ে তৈরি করেন কোর কমিটি। সেই কোর কমিটিই জেলায় দলের নির্বাচনী কৌশল থেকে প্রচার

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# 'পুলিশের উপর এত আত্মবিশ্বাস যখন তদন্ত হোক', রাজ্যের আবেদন খারিজ করে যা বলল হাইকোর্ট

মামলাকারীর উপর যে শারীরিক নির্যাতন হয়েছে, তা মেডিক্যাল রিপোর্ট থেকে একেবারেই স্পষ্ট। ওই রিপোর্টকে অস্বীকার করা যায় না। তাই এই ঘটনার তদন্ত সিবিআই করবে। আইন মেনে কাজ হয়েছে কি না, সেই বিষয় নিশ্চিত করবে রাজ্য ।বুধবার রাজ্যের হয়ে আদালতে সওয়াল করেন রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত। তিনি বলেন, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাবালিকা মেয়েকে নিয়ে কু মন্তব্য করায় তাদের পুলিশ গ্রেফতার করেছিল। পকসো ধারা দেওয়া হয়েছে। তবে ওই দুই মহিলার উপর কোনো পুলিশি অত্যাচার হয়নি। একক বেঞ্চ প্রথম দিন মামলা শুনেই কী ভাবে সিবিআই তদন্তের নির্দেশ দিল সেই প্রশ্নও তোলেন এজি।

এজি-র পাল্টা প্রধান বিচারপতি বলেন, "আরজি কর মামলাতেও প্রথম দিনই সিবিআই তদন্তের নির্দেশ দেওয়া হয়েছিল। এখানে রাজ্য পুলিশের বিরুদ্ধে অভিযোগ উঠেছে। সেই অভিযোগ রাজ্য সমর্থন করতে পারে না। রাজ্যের দায়িত্ব, আইন মেনে কাজ হয়েছে কি না, সেই বিষয়টা দেখা।" চিফ জাস্টিস আরও বলেন, ''রাজ্য বলছে, পুলিশের বিরুদ্ধে ওঠা অভিযোগ সঠিক নয়। যদি রাজ্যের পুলিশের উপর এত আত্মবিশ্বাস থাকে তাহলে সিবিআই-ই তদন্ত করুক। দুই ধৃত মহিলার গ্রেফতারি নিয়েও তো প্রশ্ন উঠছে।''

১-ম পাতার পর

# আবাসের সুপার চেকিং শুরু, থাকবেন উচ্চপদস্থ আধিকারিকরা

উচ্চপদস্থ আধিকারিকরা এবার সেই তালিকা যাচাই করবেন। কেউ যাতে অকারণে তালিকা থেকে বাদ না যান তা দেখার জন্যই সুপার চেকিং করা হবে। এছাড়া প্রথম পর্যায়ে চেকিংয়ের পরও যাতে কোনও বাড়ির মালিকের নাম তালিকায় না থাকে সেটাও দেখা হবে। সঠিক তালিকা তৈরির জন্যই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। সমীক্ষার কাজ ১৪ নভেম্বরের মধ্যে শেষ করার কথা থাকলেও তাড়াহুড়ো করতে গিয়ে যাতে ভুল না হয়ে যায় তার জন্য বাড়তি সময় নেওয়া হতে পারে।সরকারি কর্মীরা প্রথম পর্যায়ে সমীক্ষার কাজ করার পর অনেকেই বিভ্রান্ত হয়েছেন। অনেকের পাকাবাড়ি রয়েছে। তারপরও সমীক্ষার সময় তাঁরা গোয়ালঘর বা রান্নাঘরে আশ্রয় নিয়েছিলেন। সেই সব পাকাবাড়ির মালিকদের কেউ কেউ তালিকায় থেকে যেতে পারেন। সুপার চেকিংয়ে তাঁদের নাম বাদ দেওয়া হবে। কোনও সুপারিশ মেনে তালিকা তৈরি হবে না। গ্রামবাসীদের অনেকের মধ্যে ধারণা রয়েছে নতুন করে তালিকায় নাম নথিভুক্ত করা হচ্ছে। সেটা ঠিক নয়। পুরনো তালিকা যাচাই করা হচ্ছে। তবে সরাসরি মুখ্যমন্ত্রী প্রকল্পে যারা আবেদন করেছিলেন তাঁদের তালিকা যাচাই করা হচ্ছে। ডিসেম্বর মাসের মধ্যেই সরকার প্রথম কিস্তির টাকা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। সেই কারণে দ্রুত সমীক্ষার কাজ শেষ করার জন্য সমস্ত দফতরের কর্মীদের ময়দানে নামানো হয়েছে। আগামিকাল অর্থাৎ ৭ নভেম্বর থেকে ১০ নভেম্বর পর্যন্ত সুপার চেকিং অভিযান চালানোর সিদ্ধান্ত নেঅয়া হয়েছে। কেননা এই সময় সরকারি ছুটি রয়েছে। ছুটির মধ্যে বাড়ি বাড়ি গিয়ে সরকারি কর্মীরা কাজ করবেন।

২ পাতার পর

# কোর কমিটিতে আর নয় কেষ্ট'র একাধিপত্য, থাকবে অভিষেকের প্রতিনিধিও

সামলেছিল ২০২৩ সালের পঞ্চায়েত নির্বাচনে। জেলার ৫২টি জেলা পরিষদের মধ্যে ৫১টিতে এবং ১৯টি পঞ্চায়েত সমিতির মধ্যে ১৯টিতঙ্গি বিপুল ভোটে জয় পায় তৃণমূল। এছাড়াও জেলার ১৬৭টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ১৪২টি দখল করে তৃণমূল। কার্যত সেই নির্বাচনেই পরিষ্কার হয়ে যায়, কেষ্টকে ছাড়াও দল চলতে পারবে। এরপর লোকসভা নির্বাচন আসতেই কালিঘাটে বীরভূম নেতৃত্বকে নিয়ে একটি বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সেখানে দুই সাংসদকে নির্বাচনী প্রচারে মনোযোগ দেওয়ার জন্য কোর কমিটি থেকে তিনি সরিয়ে দেন। কোর কমিটির সদস্যদের মধ্যে ১৪টি বিধানসভায় কাজ করার দায়িত্ব বণ্টন করেন। তাতে ফলও মেলে হাতেনাতে। ২০১৯ সালের তুলনায় কোর কমিটির নেতৃত্বে ২০২৪ সালে মার্জিন আরও বাড়ে।

২ পাতার পর

# দ্বিতীয় মেয়াদে ট্রাম্প, আমেরিকায় অভিবাসন ও শুল্কে বৈরী নীতির মুখে পড়তে পারে মোদির ভারত

প্রতিষ্ঠানের জন্য চ্যালেঞ্জ তৈরি করেছিল। ট্রাম্পের নতুন প্রশাসন যদি আবার এই ধরনের পদক্ষেপ নেয়, তবে তা যুক্তরাষ্ট্রে কর্মরত ভারতীয় দক্ষ জনশক্তির ওপর প্রভাব ফেলতে পারে এবং সেসব প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোকেও প্রভাবিত করবে, যেগুলো ভারতীয় কর্মীদের ওপর নির্ভরশীল।

এই বিষয়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্কর বলেছিলেন, 'ট্রাম্পের সঙ্গে (ভারতের) বাণিজ্য এবং অভিবাসন নিয়ে কাজ করার ক্ষেত্রে বেশ কঠিন দেনদরবার করতে হবে বলেই মনে হচ্ছে। তবে অন্যান্য অনেক বিষয়ে তিনি ভারত এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ইতিবাচক সম্পর্কের কথা বলেছেন।' ভারত-যুক্তরাষ্ট্রের সম্পর্কের ক্ষেত্রে সামরিক ও প্রতিরক্ষা সহযোগিতা সাম্প্রতিক বছরগুলোতে অন্যতম প্রধান ভিত্তি হিসেবে কাজ করেছে। জো বাইডেন প্রশাসনের অধীনে গুরুত্বপূর্ণ ও উদীয়মান প্রযুক্তি বিষয়ক উদ্যোগ এবং জেট ইঞ্জিন তৈরির জন্য জিই-হালের মতো প্রতিরক্ষা চুক্তিগুলো ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্কের প্রধান দিকগুলোর মধ্যে ছিল। ডোনাল্ড ট্রাম্প ন্যাটো সম্পর্কে সাবধানী মনোভাব দেখিয়েছেন এবং পুনরায় ক্ষমতায় এলে তিনি সামরিক জোটগুলোর ক্ষেত্রে একই ধরনের অবস্থান নিতে পারেন। তবে, চীনের প্রভাব মোকাবিলায় ভারত-যুক্তরাষ্ট্রের সহযোগিতা অব্যাহত থাকতে পারে।

# আইএফএফআই ২০২৪-এ ফিল্ম বাজার ভিউইং রুমে ২০৮টি চলচ্চিত্র প্রদর্শিত হবে

**নয়াদিল্লি, ৬ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** ৫৫-তম ভারতের আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অফ ইন্ডিয়া-আইএফএফআই) গোয়ায় আগামী ২০-২৮ তারিখ অনুষ্ঠিত হবে। উৎসব চলাকালীন ২০-২৪ তারিখ পর্যন্ত অষ্টাদশ ফিল্ম বাজারের আয়োজন করা হয়েছে। এই ব্যবস্থাপনায় চলচ্চিত্র নির্মাতারা সংশ্লিষ্ট শিল্পের পেশাদার ব্যক্তিত্বদের সঙ্গে সাক্ষাৎ করবেন। এখানে তাঁদের নির্মিত চলচ্চিত্রগুলি প্রদর্শিত হবে। এ বছর ম্যারিয়ট রিসর্টে 'ভিউইং রুমে'র ব্যবস্থা করা হয়েছে। এখানে ভারত সহ দক্ষিণ এশিয়ার উন্নতমানের চলচ্চিত্র প্রদর্শিত হবে। ভিউইং রুমে চলচ্চিত্র নির্মাতারা তাঁদের সেই সিনেমাগুলি প্রদর্শন করবেন যেগুলির নির্মাণ কাজ শেষ হয়েছে অথবা পোস্ট প্রোডাকশন পর্যায়ে রয়েছে। চলচ্চিত্র নির্মাতারা এই ফিল্মগুলি দর্শকদের কাছে পৌঁছে দেওয়ার জন্য পরিবেশক এবং প্রযোজকের সন্ধান পাবেন ভিউইং রুম থেকে। এর মাধ্যমে চলচ্চিত্রের আন্তর্জাতিক বাজারে যুক্ত পরিবেশক, এজেন্ট এবং প্রযোজকদের সঙ্গে তাঁদের মতবিনিময়ের সুযোগ তৈরি হবে।

এ বছরের ভিউইং রুম লাইব্রেরিতে যে ২০৮টি চলচ্চিত্র থাকবে তার মধ্যে ১৪৫টি কাহিনী চলচ্চিত্র, ২৩টি মাঝারি দৈর্ঘ্যের এবং ৩০টি স্বল্প দৈর্ঘ্যের। মাঝারি দৈর্ঘ্যের এবং কাহিনী চলচ্চিত্রগুলির মধ্যে ১২টি এনএফডিসি প্রযোজিত। এছাড়াও এনএফডিসি-এনএফএআই-এর উদ্যোগে পুনরুদ্ধার করা ১০টি বিখ্যাত চলচিচত্র রয়েছে। এই চলচিচত্রগুলি ৩০-৭০ মিনিটের। ৩০ মিনিটের কম চলচ্চিত্রগুলি স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্র হিসেবে বিবেচিত হয়ে থাকে। ফিল্ম বাজার রিকমেন্ডস্ (এফবিআর) শাখায় ২৭টি চলচ্চিত্র প্রদর্শিত হবে। এর মধ্যে ১৯টি কাহিনী চিত্র, ৩টি মাঝারি দৈর্ঘ্যের, ২টি স্বল্প দৈর্ঘ্যের এবং ৩টি পুনরুদ্ধার করা চলচ্চিত্র। এনএফডিসি-র ম্যানেজিং ডিরেক্টর প্রিথুল কুমার জানিয়েছেন, এফবিআর-এ চলচিচত্র নির্মাতাদের সৃজনশীলতাকে উপস্থাপিত করা হবে। এর মাধ্যমে সংশ্লিষ্ট চলচ্চিত্র নির্মাতাদের স্বীকৃতি লাভের পাশাপাশি সারা বিশ্ব তাঁদের কাজের ধারা সম্পর্কে পরিচিত হবেন। চলচ্চিত্র জগতের পরবর্তী প্রজন্মের কলাকুশলীদের এই ব্যবস্থার মাধ্যমে অনুপ্রাণিত করা হবে। এফবিআর-এর বাছাই করা কিছু চলচ্চিত্র প্রযোজক, পরিবেশক এবং বিভিন্ন চলচ্চিত্র উৎসব কর্মকর্তাদের কাছে পৌঁছে দেওয়ার জন্য ফিল্ম বাজারকে কাজে লাগানো হবে। ভিউইং রুমে কাহিনী, মাঝারি দৈর্ঘ্য এবং স্বল্প দৈর্ঘ্যের বাছাই করা কয়েকটি চলচ্চিত্রকে ফিল্ম বাজারে দেখানো হবে। ফিল্ম বাজারে যে চলচ্চিত্রগুলি প্রদর্শিত হবে, সেগুলি দেখার জন্য নিচের লিঙ্কে ক্লিক করুন

এরপর ৪ পাতায়

# কমলাকে কাঁদিয়ে মার্কিন প্রেসিডেন্টের কুর্সিতে ট্রাম্প



**ওয়াশিংটন: নিউজ সারাদিন :** মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে লাল ঝড়ে উড়ে গেলেন মুসলিম জিহাদিদের ইন্ধনদাত্রী তথা ডেমোর্ক্যাটিক প্রার্থী কমলা হ্যারিস। আমেরিকার ৪৭তম প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন ডোনাল্ড ট্রাম্প। ভারতীয় সময় দুপুর সাড়ে বারোটার সময়েই ম্যাজিক ফিগার পেরিয়ে গিয়েছেন রিপাবলিকান প্রার্থী।ইতিহাস গড়ে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট পদে বসে আর মুসলিম জঙ্গিদের ইন্ধন জোগানো সম্ভব হবে না, বুঝতে পেরেই ভেঙে পড়েন কমলা হ্যারিস। ভোটারদের অভিনন্দন জানিয়ে যে ভাষণ দেওয়ার কথা ছিল, তা বাতিল করেন তিনি। অন্যদিকে জয় নিশ্চিত হওয়ার আগেই বিজয় উৎসবে মেতে ওঠেন ট্রাম্প সমর্থকরা। ম্যাজিক ফিগার পেরিয়ে যাওয়ার পরেই স্ত্রী মেলানিয়া ও ভাইস প্রেসিডেন্ট প্রার্থী জে ডি ভ্যান্সকে নিয়ে ফ্লোরিডার ওয়েস্ট পাম বিচের রিসর্টের বাইরে বেরিয়ে আসেন ট্রাম্প। সমর্থকদের উদ্দেশে হাত নাড়েন। ফের মার্কিন প্রেসিডেন্ট পদে তাঁকে নির্বাচিত করায় রিপাবলিকান সমর্থকদের পাশাপাশি ভোটারদেরও ধন্যবাদ জানান তিনি।

এখনও পর্যন্ত ৫৩৮টি ইলেকটোরাল ভোটের মধ্যে ট্রাম্প নিশ্চিত করেছেন ২৭৭টি। অনেকটা পিছিয়ে বিদায়ী ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। তিনি পেয়েছেন ২২৬টি ইলেকটোরাল ভোট। এখনও ৩৫টি ইলেকটোরাল ভোটের ফলাফল আসতে বাকি রয়েছে। প্রেসিডেন্ট পদের দখল নেওয়ার পাশাপাশি মার্কিন সংসদের উচ্চকক্ষ সেনেটেরও দখল নিয়েছেন রিপাবলিকানরা। মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে এবার হাড্ডাহাড্ডি লড়াই হবে বলে বিভিন্ন জনমত সমীক্ষায় ইঙ্গিত দেওয়া হয়েছিল। কিন্তু মঙ্গলবার (৫ নভেম্বর) ভোটগ্রহণ শেষে গণনা শুরু হতেই জনমত সমীক্ষাকে মিথ্যা প্রমাণ করে কমলা হ্যারিসকে পিছনে ফেলে এগিয়ে যেতে থাকেন রিপাবলিকান প্রার্থী তথা প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে জয়ের নিষ্পত্তির পিছনে যে দোদুল্যমান সাত অঙ্গ রাজ্যের ভূমিকা রয়েছে সেখানেও কমলাকে টেক্কা দিয়ে এগিয়ে যেতে থাকেন ট্রাম্প। ওই সাত অঙ্গ রাজ্য হল- জর্জিয়া, অ্যারিজোনা, মিশিগান, পেনসিলভানিয়া, নেভাদা, নর্থ ক্যারোলাইনা ও উইসকনসিন। সাতটি অঙ্গ রাজ্যের মধ্যে নর্থ ক্যারোলিনা, জর্জিয়া ও পেনসেলভিনিয়ায় জয় হাসিল করেছেন রিপাবলিকান প্রার্থী। বাকি চার অঙ্গ রাজ্যেও জয়ের পথে ট্রাম্প।

# ভারতের খাদ্য নিগম-এ ইক্যুইটি মারফৎ ১০ হাজার ৭০০ কোটি টাকা

## মূলধনী বিনিয়োগে ছাড়পত্র কেন্দ্রীয় মন্ত্রিসভার

**নয়াদিল্লি, ০৬ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার অর্থনৈতিক বিষয়ক কমিটি ২০২৪-২৫ অর্থবর্ষে ভারতীয় খাদ্য নিগম-এ ইক্যুইটি মারফৎ ১০ হাজার ৭০০ কোটি টাকার মূলধনী বিনিয়োগে অনুমোদন দিয়েছে। এর লক্ষ্য, কৃষি ক্ষেত্রের বিকাশ এবং কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়ন। ১৯৬৪ সালে ১০০ কোটি টাকার অনুমোদিত তহবিল নিয়ে ভারতীয় খাদ্য নিগম-এর যাত্রা শুরু হয়। এরপর থেকেই এই সংস্থার কাজকর্মের পরিধি ধারাবাহিকভাবে বেড়ে চলে। ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে অনুমোদিত মূলধনের পরিমাণ ১১ হাজার কোটি টাকা থেকে বাড়িয়ে ২১ হাজার কোটি টাকা করা হয়। ন্যূনতম সহায়ক মূল্যে খাদ্যশস্য ক্রয়ের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করায় এই সংস্থার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। খাদ্যের মজুত ভাণ্ডার, কল্যাণমূলক নানা প্রকল্প বাবদ বিতরণ এবং বাজারে খাদ্যশস্যের দাম স্থিতিশীল রাখার প্রশ্নে সরকারের উদ্যোগ মূলত পরিচালিত হয় খাদ্য নিগমের মাধ্যমে। ইক্যুইটি মূলধন বাবদ এই বিনিয়োগ সংস্থাটির সুদের বোঝা এবং ভর্তুকি প্রদানের ক্ষেত্রে ভারত সরকারের বাধ্যবাধকতাও পরবর্তী সময়ে হ্রাস করবে। ন্যূনতম সহায়ক মূল্যের শস্য ক্রয় এবং খাদ্য নিগম-এ বিনিয়োগ, কৃষকদের ক্ষমতায়ন, কৃষি ক্ষেত্রের উন্নয়ন এবং দেশের খাদ্য নিরাপত্তার প্রশ্নে ভারত সরকারের দায়বদ্ধতারই প্রতিফলন।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৯৯ সংখ্যা ০৭ নভেম্বর, ২০২৪ বৃহস্পতিবার ২১ কার্ত্তিক, ১৪৩১

## সম্পাদকীয়

# ভারতের ইতিহাস রচনায় জলবায়ুর ভূমিকা সংক্রান্ত সমীক্ষা

বিগত ২,০০০ বছর ধরে ভারতীয় উপমহাদেশে মানব ইতিহাস রচনায় জলবায়ু নিয়ন্ত্রিত চাষাবাসের পরিবর্তন এক উল্লেখযোগ্য ভূমিকা পালন করে এসেছে। এই নতুন সমীক্ষায় গঙ্গা অববাহিকা অঞ্চলে চাষবাসের প্রকৃতিগত পরিবর্তন ধরা পড়েছে। এই গবেষণার মাধ্যমে অতীতে জলবায়ুর পরিবর্তন চাষবাসকে কিভাবে প্রভাবিত করেছিল তার ভিত্তিতে ভবিষ্যৎ চাষবাসের ওপর কি প্রভাব পড়তে পারে তার এক সম্যক চিত্র ফুটে উঠেছে। বিএসআইপি, যা স্বশাসিত সংস্থা ডিএসটি-র অন্তর্গত, সেখানকার বিজ্ঞানীরা ভারতীয় গ্রীষ্মকালীন বৃষ্টিপাতের সঙ্গে চাষাবাসের সম্পর্ক নিয়ে জলবায়ু সংক্রান্ত বিজ্ঞানের সূত্র ধরে অতীতে জলবায়ু পরিবর্তনের ধারার একটি মূল্যায়ন করেছেন।

উত্তরপ্রদেশের বারাণসী জেলায় সরসাপুখরা লেক থেকে মাটিতে পড়ে থাকা ফুলের পরাগের গবেষণা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিগত ২,০০০ বছরে ভারতীয় গ্রীষ্মকালীন বৃষ্টিপাত, যা সময়ে সময়ে জলবায়ু পরিবর্তনের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হয়েছে, সেই সূত্র ধরে ভারতীয় ইতিহাসে তার প্রভাবকে তুলে ধরে তাঁরা একটি মডেল নির্মাণ করেন। এর থেকে তাঁরা দেখেছেন যে পরিবর্তিত উষ্ণ ও শীতল পর্ব গাছপালার প্রকৃতিগত পরিবর্তনে প্রভাব ফেলেছে যা মানুষের স্থানান্তরণের কারণ হিসেবে দেখা দেয়। এই প্রকৃতিগত প্রভাবই গুপ্ত, গুর্জর, প্রতিহার এবং চোল সাম্রাজ্যের মতো ভারতীয় উল্লেখযোগ্য সাম্রাজ্যগুলির পতনের কারণ হয়ে ওঠে। ক্যাটেনা সাময়িকপত্রে এই সমীক্ষা প্রকাশিত হয়েছে।

পরিবর্তিত জলবায়ুর সঙ্গে সঙ্গতি রেখে উপযুক্ত শস্য নির্বাচনের ফলে চাষবাসের একটি পদ্ধতিকে মানুষ উপযুক্ত বলে গ্রহণ করেছে, যার মাধ্যমে উৎপাদনশীলতা রক্ষা করা গেছে এবং কালক্রমে যা জিডিপি-র ক্ষেত্রে সুনিশ্চিতয়তা প্রদান করেছে। এর থেকে সিদ্ধান্তে যায় যে খাদ্য সুরক্ষা এবং ভবিষ্যতের আর্থিক স্থিতিশীলতা রক্ষার ক্ষেত্রে কৃষিকাজের ওপর জলবায়ুর বিরূপ প্রভাব নিরসনে সক্ষম পদক্ষেপ সব সময় এক নির্ণায়ক ভূমিকা নিতে পারে।

## কৃষি সংক্রান্ত ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ঋণ প্রদান বিষয়ক কর্মকাণ্ড খতিয়ে দেখলেন আর্থিক পরিষেবা দপ্তরের সচিব শ্রী এম নাগারাজু

**নয়াদিল্লি, ০৬ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** পশুপালন, দুগ্ধ উৎপাদন এবং মৎস্যচাষের মতো কৃষি সংক্রান্ত নানা ক্ষেত্রে ঋণ প্রদান বিষয়ক কর্মকাণ্ড খতিয়ে দেখতে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক, নাবার্ড, রাজ্য-কেন্দ্রশাসিত অঞ্চলের ব্যাঙ্কার্স কমিটির সঙ্গে বৈঠক আর্থিক পরিষেবা দপ্তরের সচিব শ্রী এম নাগারাজু। উপস্থিত ছিলেন বিভিন্ন রাজ্যের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট দপ্তরগুলির আধিকারিকরা। আর্থিক পরিষেবা দপ্তরের সচিব বর্তমান অর্থবর্ষে ঋণ প্রদান সংক্রান্ত লক্ষ্যমাত্রা পূরণে উদ্যোগী হওয়ার জন্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিকে বলেছেন। এক্ষেত্রে রাজ্য সরকারগুলির সহায়তা কাম্য বলেও জানিয়েছেন তিনি। কৃষির সামগ্রিক বিকাশে এই ক্ষেত্রগুলির গুরুত্ব তুলে ধরেন তিনি। ঋণ প্রদানের ক্ষেত্রে আঞ্চলিক বৈষম্য দূর করার পক্ষে সওয়াল করেন শ্রী এম নাগারাজু। আঞ্চলিক স্তরে মূল্যায়নের মাধ্যমে ঋণ প্রদানের পক্ষে তিনি সওয়াল করেন। এই কাজে নাবার্ড'কে প্রাদেশিক স্তরের সঙ্গে সমন্বয়ের ভিত্তিতে এগোনোর পরামর্শ দিয়েছেন তিনি।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

তাই শুনে শেয়াল বলে আমি কি রাজার মতো বোকা নাকি যে রানীর কথায় প্রাণ দেব। রাজামশাই সে কথা শুনতে পেয়ে রানীকে সেথায় ফেলে রেখে দৌড় দেয়। রানী কাঁদতে কাঁদতে নদীর ধারে থেকে যান।

এই ভাবে অনেক দিন পার হয়ে যায়।এদিকে দেখতে দেখতে আশ্বিন মাসের পূর্ণিমা তিথি এল, রানী দেখলেন নদীর ঘাটে শঙ্খ, ঘন্টা, ধুপ ধুনো দিয়ে কারা কি সব করছে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# দেবী মহিষাসুরমর্দ্দিনী



মৃত্যুঞ্জয় সরদার

(দ্বিতীয় পর্ব)



শুক্রবার সপ্তমীতে। দেবীর এবার দোলায় আগমন। অর্থাৎ দোলায় বা পালকি আসছেন মা। মণ্ডপে দেবীর নবপত্রিকা প্রবেশ ও স্থাপন হয়ে থাকে সপ্তমী তিথিতে। ওই তিথিতেই দেবীকে আবাহন অর্থাৎ সাদরে আমন্ত্রণ এবং অনুরোধ করা হয় পুজো গ্রহণের। সপ্তমীর দিনটিই দেবী দুর্গার মর্তে আগমনের দিন, ষষ্ঠী তিথিতে নয়। এবার মায়ের দোলায় আগমন। আর কিসে মা আসছেন বা ফিরছেন তার ওপর নির্ভর করে জগত সংসারের ভালমন্দ। দোলায় আগমনের ফল হল 'মড়ক'। সেই কারণেই পৃথিবীতে এত মহামারী করোনাভাইরাস এর কারণে মৃত্যুবরণ করছে কেন দেবী দুর্গা তো বাপের বাড়িতে পালকি বাজারে আসছে আর তারপর তো মৃত্যু অনিবার্য।মা আসার আগে তার নমুনা এভাবে দেখিয়ে যাবে আমরা কেউ ভাবতে পারিনি । পৌরাণিক তথ্য ও পুরাণিক কাহিনী সত্যতার মধ্যে বাস্তব রূপ এ বছরই দেখা দিচ্ছে, এটা কে অস্বীকার করার মতন ক্ষমতা আমাদের মত ব্যক্তিত্বদের নেই।দেবী দুর্গা যদি দোলায় চড়ে আগমন করেন, তার ফল মর্ত্যে বহু মৃত্যু। এই বহু মৃত্যু হতে পারে প্রাকৃতিক দুর্যোগের কারণে কিংবা যুদ্ধ হানাহানির কারণে।দোলা হল পালকির মতো একটি যান । যার স্থিরতা কম, সদা দোদুল্যমান, অল্পে ভঙ্গুর এবং অনেক সময়ই বিপদের কারণ। তাই দুর্গার দোলায় গমনাগমনে মর্ত্যভূমির স্থিরতা ব্যাহত হতেই পারে।সেটা আমরা এই বছরে এসে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে প্রমাণ স্বরূপ পেয়েছি।ফলে আজকের দিনে অনেক মানুষের কাছে প্রশ্ন চিহ্ন দাঁড়িয়ে রয়েছে, যে দেবী মা দুর্গা আসার আগে যেভাবে মৃত্যু মতন ঘটনা মহামারী তৈরি করে গেল করোনাভাইরাস কে সামনে রেখে। দূর্গা পূজার পরে কি তাহলে করোনা ভাইরাস পৃথিবীর বুক থেকে অটোমেটিক নিস্তেজ হবে তার কোন উপায় দেবী দুর্গা করে গেলেন।এমনটাই হতো ইঙ্গিত বাস্তবে দেখা যাবে সেটা অপেক্ষায় রয়েছে অনেক

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## উচ্চশিক্ষায় আর্থিক প্রতিকূলতা যাতে ভারতের যুব সম্প্রদায়ের কাছে সমস্যার কারণ না হয় সেই লক্ষ্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা পিএম বিদ্যালক্ষ্মী প্রকল্পে অনুমোদন দিয়েছে ; এই প্রকল্পে মেধাবী ছাত্রছাত্রীদের আর্থিক সহায়তার ব্যবস্থা করা হবে

**নয়াদিল্লি, ৬ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে পিএম বিদ্যালক্ষ্মী প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। উচ্চশিক্ষায় আর্থিক প্রতিকূলতা যাতে ভারতের যুব সম্প্রদায়ের কাছে সমস্যার কারণ না হয় সেই লক্ষ্যে এই প্রকল্পটির পরিকল্পনা করা হয়েছে। জাতীয় শিক্ষানীতি ২০২০-র সঙ্গে সাযুজ্য রেখে মন্ত্রিসভা এই সিদ্ধান্ত নিয়েছে। যেসব শিক্ষার্থী উন্নত মানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পড়াশোনার সুযোগ পাবেন তাঁরা ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে বন্ধক বিহীন ঋণের সুবিধা পাবেন এবং এই প্রক্রিয়ায় কোনো গ্যারান্টার লাগবে না। একটি সরল, স্বচ্ছ ও শিক্ষার্থী বান্ধব পরিচালন ব্যবস্থায় আদান-প্রদানমূলক এবং সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে এই প্রকল্পে ছাত্রছাত্রীদের ঋণ দেওয়া হবে। এনআইআরএফ সরকারি এবং বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলির যে ক্রমতালিকা প্রকাশ করে সেই ক্রমতালিকার প্রথম ১০০টি প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা এই প্রকল্পের সুবিধা গ্রহণ করতে পারবেন। এ ছাড়াও বিভিন্ন রাজ্য সরকারের পরিচালিত উচ্চশিক্ষা প্রতিষ্ঠান যাদের ওই তালিকায় ২০০-র মধ্যে স্থান থাকবে- এ ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরাও পিএম বিদ্যালক্ষ্মী প্রকল্পের সুফল পাবেন। পাশাপাশি কেন্দ্রীয় সরকার পরিচালিত প্রতিষ্ঠানগুলির ছাত্রছাত্রীদের জন্যও এই প্রকল্পে মাধ্যমে সহায়তার ব্যবস্থা করা হবে। প্রতি বছর এনআইআরএফ শিক্ষা প্রতিষ্ঠানের যে ক্রমতালিকা প্রকাশ করে, সেই ক্রমতালিকা বিবেচনা করে ছাত্রছাত্রীদের আর্থিক সহায়তা দেওয়া হবে। ফলস্বরূপ প্রতি বছর ২২ লক্ষ ছাত্রছাত্রীর পিএম বিদ্যালক্ষ্মী প্রকল্পের সুবিধা পেতে পারেন। দেশের ৮৬০টি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা এর ফলে উপকৃত হবেন। এই প্রকল্পে ছাত্রছাত্রীরা ৭ লক্ষ ৫০ হাজার টাকা ঋণ বাবদ সহায়তা পেতে পারেন। এক্ষেত্রে তাঁদের ঋণের ৭৫ শতাংশ গ্যারান্টার হবে সরকার। ফলে ব্যাঙ্কগুলি থেকে সহজে ঋণ পাওয়া যাবে। এছাড়াও যে সব ছাত্রছাত্রীর পরিবারের বার্ষিক আয় ৮ লক্ষ টাকার কম, যাঁরা অন্য কোনো সরকারের বৃত্তি বা প্রকল্পের সুদ ছাড়ের সুবিধা পান না তাঁদের জন্য ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণে ৩ শতাংশ হারে সুদে ছাড় দেওয়ার ব্যবস্থা থাকছে। প্রতি বছর ১ লক্ষ ছাত্রছাত্রী এই সুবিধা পাবেন। সরকার পরিচালিত বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে কারিগরি এবং বিভিন্ন পেশাদার পাঠক্রমে যাঁরা ভর্তি হবেন তাঁদের অগ্রাধিকার দেওয়া হবে। ২০২৪-২৫ থেকে ২০৩০-৩১ সময়কালে এই প্রকল্পের জন্য ৩,৬০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। এই সময়কালে ৭ লক্ষ ছাত্রছাত্রী প্রকল্পটির সুবিধা গ্রহণ করবেন বলে আশা করা হচ্ছে। উচ্চশিক্ষা দপ্তর পিএম বিদ্যালক্ষ্মী পোর্টাল তৈরি করবে। এখানে শিক্ষা ঋণের জন্য ছাত্রছাত্রীরা আবেদন করতে পারবেন। পাশাপাশি সুদ বাবদ দেয় অর্থের ছাড় পাওয়ার জন্যও এই পোর্টালে আবেদনের ব্যবস্থা থাকবে। দেশের যুব সম্প্রদায় যাতে উন্নত মানের উচ্চশিক্ষার সুযোগ পান, তা নিশ্চিত করতেই কেন্দ্রীয় সরকার পিএম বিদ্যালক্ষ্মী প্রকল্পে পরিকল্পনা করেছে। কেন্দ্রীয় সরকারের সুদের ওপর ভর্তুকি সংক্রান্ত যে দুটি প্রকল্প পিএম-ইউএসপি-র মাধ্যমে পরিচালিত হয় সেই প্রকল্পগুলির পাশাপাশি পিএম বিদ্যালক্ষ্মী প্রকল্পটিও উচ্চশিক্ষায় উৎসাহী ছাত্রছাত্রীদের জন্য সহায়ক হবে।

## মার্কিন রাষ্ট্রপতি নির্বাচনে জয়ী ডোনাল্ড ট্রাম্পকে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর অভিনন্দন

**নয়াদিল্লি, ৬ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মার্কিন রাষ্ট্রপতি নির্বাচনে জয়ী ডোনাল্ড ট্রাম্পকে অভিনন্দন জানিয়েছেন। শ্রী মোদী বলেছেন, ভারত-মার্কিন সার্বিক ও কৌশলগত অংশীদারিত্ব আরও জোরদার করতে তিনি আগ্রহী। এক্স পোস্টে শ্রী মোদী লিখেছেন;

"আমার বন্ধু @realDonald Trump-আপনার ঐতিহাসিক নির্বাচনী জয়ের জন্য উষ্ণ অভিনন্দন। আগের মেয়াদে আপনার সাফল্যের ওপর ভিত্তি করে আমি ভারত-মার্কিন সার্বিক কৌশলগত অংশীদারিত্ব আরও জোরদার করতে আগ্রহী। কাঁধে কাঁধ মিলিয়ে মানুষের উন্নয়ন এবং বিশ্বের শান্তি, স্থিতিশীলতা ও সমৃদ্ধির লক্ষ্যে কাজ করা যাক।"

৩ পাতার পর

## আইএফএফআই ২০২৪-এ ফিল্ম বাজার ভিউইং রুমে ২০৮টি চলচ্চিত্র প্রদর্শিত হবে

https://filmbazaarindia.com/the-bazaar/about-film-bazaar/
https://pib.gov.in/PressReleasePage.aspx?PRID=2068120

**ফিল্ম বাজার**

দক্ষিণ এশীয় চলচ্চিত্রগুলিকে আন্তর্জাতিক চলচ্চিত্র জগতে পৌঁছে দিতে সাহায্য করবে ফিল্ম বাজার। চলচ্চিত্র নির্মাতারা নির্দিষ্ট অর্থের বিনিময়ে এখানে তাঁদের সিনেমাগুলি প্রদর্শনের সুযোগ পাবেন। ফলে আন্তর্জাতিক স্তরে এই চলচ্চিত্র নির্মাতারা প্রযোজক এবং পরিবেশকের সন্ধান পাবেন। ভিউইং রুমে চলচ্চিত্র নির্মাতারা বিশ্বের নানা প্রান্তে প্রযোজক এবং পরিবেশকের সঙ্গে মতবিনিময়ের সুযোগ পাবেন। এক্ষেত্রে একটি বিশেষ সফটওয়্যারকে কাজে লাগানো হবে।

# সিনেমার খবর

## পরিচালক কাট বলবেন অথচ আমার চোখ খুলবে না, এভাবে একদিন চলে যেতে চাই: শাহরুখ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড বাদশাহ শাহরুখ খানের অভিনয়ের সঙ্গে বসবাস ৩২ বছর। এই ৩২ বছরে তিনি হয়ে উঠেছেন বলিউডের বটবৃক্ষ। তাকে বলা হয় বলিউডের শেষ সুপারস্টার। সেই বাদশাহর ৫৯তম জন্মদিন আজ। এই জন্মবার্ষিকী ঘিরে 'বাদশাহি' আয়োজন করা হয়েছে।

নিউজ ১৮ জানিয়েছে, রোববার ২ নভেম্বর শাহরুখের জন্মদিনে তার বাসভবন 'মান্নাত' সেজে উঠছে আলোর রোশনাইয়ে। অনুষ্ঠানের দায়িত্ব নিয়েছেন তার স্ত্রী গৌরী খান।

এই অনুষ্ঠানেই শাহরুখের আগামী সিনেমা 'কিং খান' নিয়ে আসছে আনুষ্ঠানিক ঘোষণা। যেখানে শাহরুখের সঙ্গে প্রথমবারের মত তার মেয়ে সুহানা খান অভিনয় করছেন। এতে বাবা-মেয়েকে গুরু-শিষ্যার চরিত্রে দেখা যেতে পারে বলেও জানিয়েছে গণমাধ্যমটি। এর আগে চলতি বছর সুইজারল্যান্ডে ৭৭তম লোকার্নো ফিল্ম ফেস্টিভ্যালে 'পারদো আল্লা ক্যারিয়েরা' পেয়েছেন শাহরুখ খান। ভারতের চলচ্চিত্রে অনস্বীকার্য অবদানের জন্য মর্যাদাপূর্ণ এ পুরস্কার দেওয়া হয় অভিনেতাকে। লোকার্নো উৎসবে 'লোকার্নো মিটস পডকাস্ট'-এ এ কথা বলেন তিনি। সেখানে সিনেমা, নিজের ক্যারিয়ারসহ নানা প্রসঙ্গে কথা বলেন অভিনেতা। সম্প্রতি উৎসবের ইউটিউব চ্যানেলে শাহরুখের ওই বক্তব্য প্রকাশ করা হয়েছে।

সেখানে নানা প্রসঙ্গ নিয়ে কথা বলেছেন শাহরুখ খান। ব্যক্তিগত নানা প্রসঙ্গে তিনি বলেন, 'আমার মধ্যে একটা সহজাত রসবোধ আছে। আমি মানুষকে হাসাতে পারি। কিন্তু আজকাল মনে হয়, এটি অনুপযুক্ত সময়। তাই আমি নিজেকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করি, আমার টিম আমাকে সব সময় বলে, মানুষ নাকি আমার রসবোধ বোঝে না।'

নিজের বক্তব্যের ব্যাখ্যা দিয়ে অভিনেতা আরও বলেন, 'এখন মানুষ খুব সংবেদনশীল হয়ে উঠেছে। আপনি কিছু বলবেন, মানুষ তার অন্য অর্থ করে বিরক্ত হবে। তাই বলব, খুব বেশি সেন্স অব হিউমার না থাকাই ভালো।'

অনুষ্ঠানে শাহরুখ আরও বলেন, বিভিন্ন ঘরানার সিনেমায় অভিনয় করতে চান তিনি। রোমান্স দিয়ে বলিউডে নিজের ছাপ রেখে যাওয়া অভিনেতা অ্যাকশন ঘরানায় নিজেকে প্রমাণ করেছেন 'পাঠান' ও 'জওয়ান'-এর মতো ছবি দিয়ে। তবে 'কিং খান' লোকার্নোর মঞ্চে জানান, এরপর তিনি কমেডি ও হরর ছবিতে অভিনয় করতে চান। তিনি বলেন, 'একজন অভিনেতা হিসেবে আমি মনে করি কমেডি খুব কঠিন। এটি এমন একটা ব্যাপার, যেখানে বেশির ভাগ অভিনেতা ব্যর্থ হয়েছেন। আমিও ব্যর্থ হয়েছি।'


অনুষ্ঠানে ব্যক্তিগত আরও নানা বিষয়ে কথা বলেছেন বলিউড বাদশাহ, যার মধ্যে ছিল অবসর ভাবনা বা মৃত্যুচিন্তাও। শাহরুখ খান অকপটে জানিয়েছিলেন নিজের বিশেষ ইচ্ছার কথা। তাঁর আশা, অভিনয় করতে করতেই যেন তাঁর মৃত্যু হয়। অর্থাৎ জীবনের শেষ দিন পর্যন্ত লাইট, ক্যামেরা এবং অ্যাকশন শুনতে চান শাহরুখ। তিনি বলেন, 'জীবনের শেষ সময় পর্যন্ত অভিনয় করে যেতে চাই। কোনো দৃশ্য শেষ হয়ে যাওয়ার পর পরিচালক যখন কাট বলবেন, অথচ আমার চোখ খুলবে না। সেটাই চাই আমি।'

শাহরুখ জানান, 'সত্যি কথা বলতে, জীবনের সব আনন্দ আমি অভিনয়ের মাধ্যমে প্রকাশ করতে পারি, এই কাজটা করেই সবচেয়ে বেশি আনন্দ পাই।' অভিনেতা বলেন, 'আমি যদি ২ মিনিটের জন্য তোমায় বিনোদন দিতে পারি, সেটা ভালোবাসা। কিন্তু যদি আমি ৫০ বছর ধরে কাউকে, কোনো জিনিসকে ভালোবাসি, সেটা অভিনয়। আমি যদি ৩০ সেকেন্ডের জন্য কাউকে বিনোদন দিতে পারি, সেটা ক্রিয়েটিভিটি।'

আদতে শাহরুখ বোঝাতে চেয়েছেন মানুষকে বিনোদন দিতে পারলেই আনন্দ পান তিনি। সে কারণে সেটেই যাতে তাঁর মৃত্যু ঘটে।

গেল বছর 'পাঠান', 'জওয়ান' ও 'ডাঙ্কি'র মতো সিনেমা দিয়ে দারুণ এক ঝড় তুলেছিলেন বক্স অফিসে। এরপর পর্দায় দেখা যায়নি তাঁকে। যদিও বড় বড় অনুষ্ঠান আর আম্বানিদের বিয়ের আসরেও উপস্থিত ছিলেন শাহরুখ। সামনে শাহরুখ খানকে দেখা যাবে 'দ্য কিং' সিনেমায়। যেখানে বাবার সঙ্গে পর্দা ভাগ করবেন মেয়ে সুহানা খানও। সিনেমার পরিচালক সুজয় ঘোষ। ২০26 সালে বড় পর্দায় মুক্তি পাবে কিং খানের নতুন সিনেমা 'দ্য কিং'।

## সাইফকন্যা সারা কার সঙ্গে প্রেম করছেন? জানা গেল পরিচয়





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ব্যক্তিগত জীবন নিয়ে কোনো রাখঢাক নেই বলিউড অভিনেত্রী সারা আলী খানের। কৈশোর থেকে কার কার সঙ্গে সম্পর্কে জড়িয়েছেন, বাবা সাইফ আলী খানের পাশে বসেই অবলীলায় তা বলে যেতে পারেন সারা আলী খান। ২০১৮ সালে 'কেদারনাথ' ছবির মাধ্যমে বলিউডে আত্মপ্রকাশ করেন সইফ-কন্যা। তাঁর জনপ্রিয়তা যেমন বেড়েছে। তেমনই বেড়েছে তাঁর ব্যক্তিগত জীবন নিয়ে চর্চা।

নিজের প্রথম ছবির মুক্তির আগেই জানিয়েছিলেন কার্তিক আরিয়ানকে তাঁর পছন্দ। তারপর কার্তিকের সঙ্গে অভিনয় প্রেম, সবই হয়েছে। তবে শেষ পর্যন্ত সম্পর্কটা টেকেনি। তারপর শোনা যায়, প্রাক্তন প্রেমিক বীর পাহাড়িয়ার কাছেই নাকি ফিরে গেছেন তিনি। তবে এবার জানা গেল, নতুন প্রেমে পড়েছেন এ অভিনেত্রী। জানা গেছে, এবার সারা প্রেম করছেন কোনো অভিনেতা নয়।

সম্প্রতি তাঁর কেদারনাথ ভ্রমণের ছবিই নতুন প্রেমের ইঙ্গিত দিচ্ছে।

তাঁকে দেখা যাচ্ছে অর্জুন প্রতাপ বাজওয়ার সঙ্গে। তিনি পাঞ্জাবের বর্ষীয়ান রাজনীতিবিদ ফতেহ জং সিংহ বাজওয়ার পুত্র। অর্জুন ভারতের অন্যতম মডেল। একাধিক ব্র্যান্ডের প্রচার দূত। বড় বড় পোশাকশিল্পীর হয়ে মার্জার সরণিতে হেঁটেছেন। বহু বছর ধরেই মুম্বাইয়ে রয়েছেন তিনি। যদিও আনুষ্ঠানিকভাবে কিছু ঘোষণা করেননি তারা।

## জাতীয় পর্যায়ে ছবিমুক্তির বাজেট আমার নেই: অঞ্জন দত্ত



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** চলতি বছরে মুক্তি পায় অঞ্জন ও নীল দত্ত প্রযোজিত এবং পরিচালিত ছবি 'চালচিত্র এখন'। মুক্তির পর ছবিটি দর্শকমহলে প্রশংসিত হয় এবং এখনও বিভিন্ন চলচ্চিত্র উৎসবে ছবির উড়ান অব্যাহত। ওটিটির পাশাপাশি ছবিটি কলকাতা শহরের হাতেগোনা প্রেক্ষাগৃহে মুক্তি পায়। কেরিয়ারে একাধিক বড় বাজেটের ছবি পরিচালনা করা সত্ত্বেও আগামী দিনে 'চালচিত্র' মডেলেই ছবি পরিচালনা করতে আগ্রহী অঞ্জন। পরিচালকের সিদ্ধান্তের নেপথ্যে রয়েছে একাধিক কারণ।

অঞ্জন আগেও জানিয়েছেন, 'চালচিত্র এখন' মূলত তিনি সারা বিশ্বে ছড়িয়ে থাকা তার অনুরাগীদের কাছে পৌঁছে দিতে চেয়েছিলেন। ফলত তার জন্য তাঁর কাছে একমাত্র পথ ছিল ওটিটি। অঞ্জন বললেন, 'জাতীয় পর্যায়ে ছবিমুক্তির মতো বাজেট আমার নেই। সেখানে আমার পুরনো ছবিও লক্ষ্য করেছি ওটিটিতে খুব ভাল ফল করেছে।'

অঞ্জন বিশ্বাস করেন, তাঁর দর্শক এবং শ্রোতাদের একটা বড় অংশ এখন প্রবাসী বাঙালি। তাই তাঁদের প্রতি শিল্পী হিসাবে তার আলাদা দায়বদ্ধতা রয়েছে। উদাহরণস্বরূপ বললেন, ;আমি আগে জেলায়, জেলায় কনসার্ট করতাম। এখন করি দেশের অন্যান্য রাজ্যে। ফলে বিষয়টি আমার কাছে আরও স্পষ্ট হয়ে গিয়েছে।'



মুক্তির আগে ২৯তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে বিশেষ জুরি পুরস্কার জেতে 'চালচিত্র এখন'। তারপর ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সেরা অভিনেতার পুরস্কার জেতেন অঞ্জন।

তার কথায়, 'চালচিত্র এখন' ছবি দিয়ে অনেকগুলো দরজা খুলে যায়। পরপর ছবিটা একাধিক উৎসবে যায় এবং পুরস্কারও জেতে। মাদ্রিদে ইম্যাজিন ইন্ডিয়া চলচ্চিত্র উৎসবে তিনটি পুরস্কার জেতে ছবিটি। সেরা অভিনেতার পুরস্কার জেতেন অঞ্জন এবং শাওন চক্রবর্তী। এ ছাড়াও সেরা চিত্রনাট্য এবং সেরা প্রোডাকশনের (অঞ্জন এবং নীল দত্ত) পুরস্কারও আসে। এখানেই শেষ নয়। প্যারিসে 'গঁজ সার সিন' চলচ্চিত্র উৎসবে চলতি মাসেই চারটি পুরস্কার জিতেছে 'চালচিত্র এখন'। অঞ্জনের ঝুলিতে সেরা পরিচালক এবং অভিনেতার পুরস্কার তো রয়েছে। পাশাপাশি, সেরা সম্পাদনা এবং সেরা সাউন্ডের জন্য পুরস্কৃত হন যথাক্রমে অর্ঘ্যকমল মিত্র এবং তীর্থঙ্কর মজুমদার।

ইতিমধ্যেই অঞ্জন ঘোষণা করেছেন, শেক্সপিয়রের 'কিং লিয়র' তাঁর শেষ নাটক হতে চলেছে। তবে ছবি পরিচালনা থেকে তিনি অবসর নিতে নারাজ। কিন্তু, সে ক্ষেত্রেও রয়েছে বিশেষ শর্ত।

অঞ্জন বললেন, 'আমি যা প্রতিক্রিয়া পেয়েছি, তারপর অন্য কোনও প্রযোজকের ভরসায় বসে থাকব না। আমি এবার থেকে নিজের টাকাতে এই মডেলেই ছবি তৈরি করব এবং তারপর চলচ্চিত্র উৎসবের উপর গুরুত্ব দেব।'

শিগগিরই ইটালির ত্রিয়েস্ত চলচ্চিত্র উৎসব এবং ফ্রান্সের তুলুস চলচ্চিত্র উৎসবে পাড়ি দেবে 'চালচিত্র এখন'।

## ধর্মা প্রোডাকশনের অর্ধেক বিক্রির কারণ জানালেন করণ জোহর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ধর্মা প্রোডাকশন বলিউড ইন্ডাস্ট্রির বহুল জনপ্রিয় একটা নাম। ২০১০ এর দশক জুড়ে করণ জোহরের নেতৃত্বে কোম্পানিটি উন্নতির সীমা ছাড়িয়ে যায়। 'ইয়ে জাওয়ানি হ্যায় দিওয়ানি', 'টু স্টেটস', 'হাম্পটি শর্মা কি দুলহানিয়া', 'ডিয়ার জিন্দেগি', 'রাজি', এবং 'সিম্বা' এর মতো জনপ্রিয় ছবি উপহার দিয়েছে ধর্মা প্রোডাকশন।

কিন্তু করণ জোহরের ধর্মা প্রোডাকশনের ৫০ শতাংশ শেয়ার বিক্রি হয়েছে। যা কিনে নিয়েছেন ১০০০ কোটি রুপিতে ব্যবসায়ী আদর পুনাওয়ালা। এক প্রকার বাধ্য হয়েই, নিজের ধর্মা প্রোডাকশনের অর্ধেক বিক্রি করে দিয়েছেন করণ জোহর। কিন্তু কেন?

প্রোডাকশন হাউজটির সময় ভালো যাচ্ছে না। চলতি বছরে ধর্মা প্রোডাকশনের রেভিনিউ কমে গিয়েছে অর্ধেক। আয় ৫০ শতাংশ কমে ৫০০ কোটির আশেপাশে রয়েছে।

টপলার থেকে পাওয়া তথ্য অনুযায়ী, ধর্মা ২০২৩-২৪ সালে মাত্র ৫৯ লাখের সামান্য মুনাফা করেছে। আর এই তথ্যই প্রশ্ন তুলছে, যে এই কারণেই কি কোম্পানিটির আদর পুনাওয়ালার কাছ থেকে ১০০০ কোটি রুপির প্রয়োজন পড়ল? নাহলে, পারিবারিক মালিকানাধীন ব্যবসার শেয়ার কেন অন্যের হাতে দিতে যাবে ধর্মা?

২০১৯ সাল নাগাদ, ধর্মা বছরে ৭০০ কোটির বেশি আয় করেছে এবং এর মধ্যে প্রায় ২৭ কোটি লাভও করেছে। তারপরে করোনা মহামারী আঘাত হানে, বড় চ্যালেঞ্জের মুখোমুখি হয় সিনেমা জগৎ। অন্যান্য প্রযোজনা সংস্থার মতো ধর্মা প্রোডাকশনের রেভিনিউ ৮৩ শতাংশ এবং লাভ ৭৫ শতাংশ কমে যায়।

কোভিড-১৯ মহামারীর পরে এই প্রোডাকশন হাউসের কামব্যাক বক্স অফিস কাঁপিয়ে গিয়েছে। জুগ যুগ জিও, ব্রহ্মাস্ত্র, এবং সূর্যবংশীর মতো সফল ছবির মাধ্যমে, কোম্পানিটি ২০২২-২৩ আর্থিক বছরে ১০০০ কোটির বেশি আয় করেছে। ফ্যাবুলাস লাইভস এবং কফি উইথ করণ-এর মতো জনপ্রিয় শো চালিয়েও ভালোই লাভ করেছে।

কিন্তু ২০২৩-২৪ সালে অনেক ভুল পদক্ষেপ নিয়েছে ধর্মা। সেলফি এবং যোধার মতো সিনেমাগুলি বক্স অফিসে মুখ থুবড়ে পড়েছিল। এমনকি কফি উইথ করণও আগের মত দর্শক পায়নি। আয় অনেক কমে গিয়েছে। কোম্পানির অংশ বিক্রি করা ছাড়া করনের আর কোনও উপায় ছিল না। যদিও তিনি নিজের বাবার ব্যবসার নিয়ন্ত্রণ হারাতে চাননি, তাই অর্ধেক বেচে দিয়েছেন। ট্রেড বিশ্লেষকদের বিশ্বাস, করণ ও আদরের এই চুক্তি ধর্মাকে সাফল্যের দিকে এগিয়ে দেবে।

## সকালে ট্যাক্সি চালাতেন, বিকেলে মহড়ায়, সিনেমার গল্পের মতই উত্থান অভিনেতার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সারাদিন যাত্রীদের শহরের এ প্রান্ত থেকে ও প্রান্ত পৌঁছে দিয়ে বিকেল সাড়ে ৫টা থেকে নিজের স্বপ্নের দিকে ছুটতেন। ওই সময়টা থিয়েটারের রিহার্সালে যেতেন। এটাই ছিল তাঁর প্রতিদিনের রুটিন।

সিনেমার মতো জীবন। ওঠাপড়া, মোচড়, বাঁকে বাঁকে চমক। অভিনেতা রাজেশ শর্মার জীবন নিয়ে ছবি হলে তা যথেষ্ট রোমাঞ্চকর হত। এক ট্যাক্সিচালক বলিউড-টলিউড কাঁপিয়ে দিলেন অভিনয় করে।

বাংলা ছবিতে খলনায়কের ভূমিকায় অভিনয় করতে করতে চরিত্রের নামেই পরিচিত হয়ে গেলেন। রাজেশ থেকে 'টিনু গুন্ডা'। বলিউডেও একাধিক ছবি ও সিরিজে এখনও তাঁর অভিনয়ে মুগ্ধ আপামর জনতা। এক সময় ট্যাক্সি চালিয়ে সংসার চালাতেন তিনি।

ভারতীয় গণমাধ্যমে এক সাক্ষাৎকার রাজেশ জানিয়েছিলেন, নিজের ট্যাক্সি কেনারও টাকা ছিল না তাঁর কাছে। ট্যাক্সি ভাড়া করেই দিন চলত তাঁর। কলকাতার বচ্চন সিং ধাবায় ট্যাক্সি চালাতে দেখা যেত তাঁকে।

সারাদিন যাত্রীদের শহরের এ প্রান্ত থেকে ও প্রান্ত পৌঁছে দিয়ে বিকেল সাড়ে ৫টা থেকে নিজের স্বপ্নের দিকে ছুটতেন। ওই সময়টা থিয়েটারের রিহার্সালে যেতেন। এটাই ছিল তাঁর দিনকার রুটিন।

রাজেশের কথায়,

তখন চাকরির এত সুযোগ ছিল না। আইটি সেক্টর ছিল না। চাকরি পাওয়া দুষ্কর হয়ে উঠত।

'রঙ্গকর্মী' নাট্যদলে নাটক করতেন রাজেশ। পড়াশোনা, ডিগ্রির কমতি ছিল না তাঁর।

১৯৭১ সালে পঞ্জাবের লুধিয়ানায় জন্ম। স্কুল শেষ করে দিল্লির ন্যাশনাল স্কুল অফ ড্রামা (এনএসডি)-তে নাটক নিয়ে স্নাতক শেষ করেছেন। কিন্তু তার পরেও সহজে ছবিতে ডাক পাচ্ছিলেন না তিনি। মুম্বাইয়ে গিয়ে ট্যাক্সি চালিয়েছেন বহুদিন।

১৯৯৬ সালে 'মাচিস' ছবিতে সুযোগ পান। সেটিই ছিল প্রথম হিন্দি ছবি। কিন্তু তার পরেও বহু বছর ডাক আসেনি রাজেশের কাছে। তার পরে কলকাতায় চলে আসা। এখানেও স্ট্রাগল চলতে থাকে। ট্যাক্সি চালিয়ে দিন যাপন। তবে হঠাৎই ২০০০ সালে অপর্ণা সেনের 'পারমিতার একদিন' ছবিতে অভিনয়ের ডাক। সেই থেকেই জীবন আসল মোড়ে বাঁক নেয়।

পর পর একাধিক বাংলা ছবিতে কাজ করেন তিনি। 'প্রতিবাদ', 'সোনার সংসার', 'সাথী', 'দেশ', 'চ্যাম্পিয়ন', 'দাদা ঠাকুর', 'বাদশা দ্য কিং'। তা ছাড়া 'পরিণীতা', 'নো ওয়ান কিলড জেসিকা'-র মতো হিন্দি ছবিতেও গুরুত্বপূর্ণ ভূমিকায় দেখা যায় তাঁকে।

এখন ছবি থেকে সিরিজ, সবেতেই অনায়াস বিচরণ তাঁর। পিছনে ফিরে তাকাতে হয়নি আর। যদিও তাঁর প্রতিভার তুলনায় কাজ এখনও পান না। কিন্তু আজ তিনি এক ডাকে পরিচিত। আর সেই পরিচিতি, অভিনয় দক্ষতার কারণেই।

# তিন বছরে অন্তত একবার আইপিএল জিততে চান কোহলি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের হয়ে ওয়ানডে ও টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতলেও এখনো আইপিএলের ট্রফিটা অধরাই রয়ে গেছে বিরাট কোহলির। আইপিএলে প্রথম আসর থেকেই খেলছেন কোহলি, অথচ টুর্নামেন্টের শিরোপাটা বার বার ফাঁকি দিয়েছে তাকে। ২০০৮ সাল থেকে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর হয়ে খেলছেন কোহলি। পুরো ক্যারিয়ারে খেলেছেন এই দলেই। লম্বা সময় আরসিবির অধিনায়কও ছিলেন। আইপিএলের ইতিহাসে সবচেয়ে বেশি রানের মালিকও এই ডানহাতি ব্যাটার। তবে এতকিছুর পরেও আইপিএলের শিরোপাটা এখনও অধরা রয়ে গেছে তার।

আসন্ন মৌসুমের মেগা নিলামের আগে কোহলিক রিটেইন করেছে আরসিবি। এতে করে পরের আসরেও ব্যাঙ্গালুরুতে থাকছেন তিনি।

ফ্র্যাঞ্চাইজিটির প্রকাশ করা এক ভিডিওতে কোহলি বলেন, আরসিবি আবারও আইপিএলের তিন বছরের চক্রের জন্য আমাকে ধরে রেখেছে। আমি বরাবরের মতোই রোমাঞ্চিত। সবাই জানে আমার কাছে আরসিবির গুরুত্ব ঠিক কতটা। এত বছর ধরে এটি স্পেশাল এক সম্পর্ক, যা আরও শক্তিশালী হতে চলেছে। আরসিবির হয়ে খেলার অভিজ্ঞতা সত্যিই বিশেষ কিছু।'

কোহলি আরও বলেন, 'অবশ্যই লক্ষ্য হলো পরের চক্রে অন্তত একবার শিরোপা জেতা এবং আমরা সবসময়ের মতো আমাদের সেরাটা দেব। আমরা যেভাবে আমাদের ক্রিকেট খেলি তাতে সবাইকে গর্বিত করার চেষ্টা করব। বছরের পর বছর ধরে ধারাবাহিকভাবে সমর্থনের জন্য ভক্তদের প্রতি কৃতজ্ঞতা। আমি সত্যিই কৃতজ্ঞ এবং খুব শিগগিরই এম চিন্নাস্বামীতে (ব্যাঙ্গালুরুর ঘরের মাঠে) আপনাদের সঙ্গে দেখা হবে।'

কোহলির পাশাপাশি রজত পাতিদার ও যশ দয়ালকে রিটেইন করেছে আরসিবি। ২১ কোটি পারিশ্রমিকে কোহলিকে রিটেইন করা হয়েছে। আইপিএলের ইতিহাসে প্রথম ভারতীয় ক্রিকেটার হিসেবে এক মৌসুমে ২০ কোটি রুপির বেশি পারিশ্রমিক পেতে যাচ্ছেন কোহলি।

# যে কারণে শ্রেয়াস-স্টার্ককে ছেড়ে দিল কেকেআর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)-এর নির্দেশনা অনুযায়ী ৩১ অক্টোবর বিকেলের ভেতরে ১০ দলকে খেলোয়াড় ধরা-ছাড়ার তালিকা দিতে হবে। ডেডলাইন শেষ হতেই কলকাতা নাইট রাইডার্সও জানিয়ে দিল আগামী মৌসুমে কোন ছয় ক্রিকেটারকে ধরে রাখা হবে। প্রকাশিত হলো নাইটদের 'রিটেনশন' তালিকা। প্রত্যাশা মতোই রিটেন করা হয়েছে- আন্দ্রে রাসেল, সুনীল নারিন, রিঙ্কু সিং, বরুণ চক্রবর্তী, হর্ষিত রানা ও রমনদীপ সিংকে। বাদ অধিনায়ক শ্রেয়াস আইয়ার, সহ-অধিনায়ক নীতীশ রানা ও তারকা পেসার মিচেল স্টার্ক! অধিনায়ক শ্রেয়াসকে ছেড়ে দেওয়া প্রসঙ্গে জানা যাচ্ছে, কেকেআরের কাছে বিশাল দর হাঁকিয়েছিলেন শ্রেয়াস। তার এই দাবি মানতে রাজি ছিল না নাইট ম্যানেজমেন্ট। যার ফলে দুই পক্ষের মধ্যে আলোচনা শুরু হলেও ফলপ্রসূ হয়নি। তার নেতৃত্বে সবশেষ আসরে দল চ্যাম্পিয়ন হলেও খুব একটা ভালো ছিল না তার পারফরম্যান্স।

তাছাড়া ২০১২ সালে ১২.২৫ কোটিতে তাকে কেনার পর ২০২৩ মৌসুমে খেলতে পারেননি তিনি। ফ্র্যাঞ্চাইজিটির হয়ে ২৯ ম্যাচে ৩৪.১৪ গড় ও ১৪০ স্ট্রাইক রেটে তার রান ৭৫২। সম্প্রতি তার ফিটনেস, বর্তমান ফর্ম, ভারতীয় দল থেকে বাদ পড়ার পর শ্রেয়সের পিছনে বিশাল অঙ্ক খরচ করতে চায়নি কেকেআর।

অন্যদিকে গত মৌসুমে ২৪.৭৫ কোটি টাকায় মিচেল স্টার্ককে দলে ভেড়ায় কেকেআর। মৌসুমে ১৪ ম্যাচে ১০.৬১ ইকোনমিতে ১৭ উইকেট নিয়েছেন এই পেসার। তবে তার পারিশ্রমিক নিয়ে আছে প্রশ্ন।

# বিশ্বকাপ বাছাই: ব্রাজিল স্কোয়াডে জায়গা পেলেন না নেইমার-এনদ্রিক



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বিশ্বকাপ বাছাই পর্বে দুই ম্যাচের জন্য ২৩ সদস্যের স্কোয়াড ঘোষণা করেছে ব্রাজিল। সেই দলে জায়গা পাননি তারকা খেলোয়াড় নেইমার ও এনদ্রিক। ১৫ নভেম্বর ভেনেজুয়েলা ও ২০ নভেম্বর উরুগুয়ের বিপক্ষে খেলবে ব্রাজিল।

নেইমারকে দলে না নেয়ার কারণ ব্যাখ্যা করতে গিয়ে ব্রাজিল কোচ দরিভাল জুনিয়র বলেন, 'আমরা সিদ্ধান্ত নিয়েছি, এখনই তাকে দলে নেব না। তার ওপর অতিরিক্ত বোঝা এখনই চাপিয়ে দেবো না। সে প্র্যাকটিক্যালি পুরোপুরি সুস্থ খেলার জন্য। কিন্তু মাত্র কয়েক মিনিট খেলার সুযোগ পেয়েছে। যেটা এই সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে বড় নিয়ামক হিসেবে কাজ করেছে।'

তিনি আরো বলেন, 'সে দলে ফিরতে খুবই আগ্রহী। তবে, বাস্তবতাও মেনে নিয়েছে সে। অবস্থা হচ্ছে যে, মাঠে মাত্র সে ১৩ মিনিট কাটিয়েছে। আমরা তার ক্লাবের (আল হিলাল) প্রক্রিয়াকে সম্মান জানাই। তারা ধীরে ধীরে নেইমারকে ম্যাচে ফিরিয়ে আনছে। একটা খেলোয়াড় তার সর্বোচ্চ পর্যায়ে থাকবে, এটা তো আমাদেরও চাওয়া।'

এবার জাতীয় দলে সুযোগ না পাওয়ায় নেইমারকে ২০২৫ সালের মার্চ পর্যন্ত অপেক্ষা করতে হবে। কারণ, অক্টোবরে এই দুই ম্যাচ খেলে ফেলার পর জাতীয় দলের আর কোনো ম্যাচ নেই। আগামী বছর মার্চে কলম্বিয়া ও আর্জেন্টিনার বিপক্ষে দুটি ম্যাচ রয়েছে।

অন্যদিকে রিয়াল মাদ্রিদের জার্সিতে এখনও পর্যন্ত সব মিলিয়ে মাত্র ১০৭ মিনিট মাঠে ছিলেন ১৮ বছর বয়সী তরুণ তারকা এনদ্রিক। এছাড়া সর্বশেষ চার ম্যাচে তাকে মাঠেই নামাননি কোচ আনচেলত্তি।

অক্টোবরে বাছাই পর্বে ঘাড়ে ইনজুরির কারণে খেলতে পারেননি ভিনিসিয়ুস জুনিয়র। তবে এবারের দলে ফিরেছেন তিনি। তবে এবার ভিনির সামনে জাতীয় দলের হয়ে নিজেকে মেলে ধরার সুযোগ। ব্যালন ডি'অর পেতে যাচ্ছেন- এমন অবস্থা থেকে তাকে এই পুরস্কারটি দেয়া হয়নি। এই চরম হতাশাকে সঙ্গে নিয়েই জাতীয় দলের হয়ে খেলতে নামবেন রিয়াল তারকা।

ব্রাজিল স্কোয়াড:

গোলরক্ষক: বেন্তো (আল নাসর), এডারসন (ম্যানসিটি), ওয়েভার্টন (পালমেইরাস)

ডিফেন্ডার: দানিলো (জুভেন্টাস), ভ্যান্ডারসন (মোনাকো), অ্যাবনার (লিওঁ), গুইলেরমে আরানা (অ্যাটলেটিকো মিনেইরো), এডার মিলিতাও (রিয়াল মাদ্রিদ), গ্যাবরিয়েল মাগালায়েস (আর্সেনাল), মার্কুইনহোস (পিএসজি), মুরিলো (নটিংহ্যাম ফরেস্ট)।

মিডফিল্ডার: অ্যানেদ্র (উলভারহ্যাম্পন), আন্দ্রেস পেরেইরা (ফুলহ্যাম), ব্রুনো গুইমারেস (নিউক্যাসল), গারসন (ফ্ল্যামেঙ্গো), লুকাস পাকেতা (ওয়েস্টহ্যাম) ও রাফিনহা (বার্সেলোনা)।

ফরোয়ার্ড: এস্তোভাও (পালমেইরাস), ইগোর হেসুস (বোটাফোগো), লুইজ হেনরিক (বোটাফোগো), রদ্রিগো (রিয়াল মাদ্রিদ), সাভিনহো (ম্যানসিটি) ও ভিনিসিয়ুস জুনিয়র (রিয়াল মাদ্রিদ)।

# নেইমার ইস্যুতে যা বললেন মায়ামি কোচ




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** নেইমার জুনিয়রের ইন্টার মায়ামিতে যোগদানের গুঞ্জন ছিল আগে থেকেই। সেটি অবশ্য মেলেনি শেষ পর্যন্ত। তবে সম্প্রতি মায়ামিতে ব্রাজিলিয়ান তারকার বিলাসবহুল বাড়ি কেনার খবরে সেই গুঞ্জন আবারও উঠেছে। যা নিয়ে কথা বলেছেন ইন্টার মায়ামির কোচ জেরার্দো টাটা মার্টিনো। যিনি বার্সেলোনাতেও নেইমার-মেসিদের কোচিং করিয়েছেন।

ইএসপিএন বলছে- নেইমার ১৫০ মিলিয়ন ব্রাজিলিয়ান ডলারে নতুন বাড়ি কিনেছেন। আর তার অবস্থান ফ্লোরিডার মায়ামিতে হওয়ায় ডালপালা মেলেছে ভিন্ন আলোচনাও। যা নিয়ে সংবাদ সম্মেলনে এসে প্রশ্নের মুখোমুখি হন মায়ামি কোচ মার্টিনো।

সেখানে অবশ্য পাল্টা প্রশ্ন ছুড়ে দিয়েছেন তিনি। তবে আবার নেইমারের আসার সম্ভাবনাও উড়িয়ে দেননি, 'যদি কেউ এখানে বাড়ি কেনে, তার মানে তাদের সবাই কী খেলতে আসছে? আমি বার্সেলোনায় যখন ছিলাম, একই সময়ে সেখানে নেইমারও খেলেছে। আমার জন্য দারুণ সময় ছিল, কারণ উচ্চ মানসম্পন্ন খেলোয়াড়দের সেখানে পেয়েছি। যা সবসময়ই আমার জন্য বিশেষ স্মৃতি। সেখান থেকে লিও (মেসি) এবং আরও কয়েকজন অ্যাথলেটও এখানে এসেছে, সুতরাং যেকোনো কিছুই হতে পারে।'

মায়ামি কোচ বলছেন, '(নেইমারকে আনার বিষয়ে) আমি ভাবতে পারছি না যে লিগ বেতন ইস্যুটা নমনীয় করবে কি না, সেটি কীভাবে কী করবে জানি না। মিডিয়াতে বলাটা সহজ, তবে বাস্তবতা বেশ কঠিন। যদি বদল না আসে তাহলে এমএলএসের নীতিমালা অনেক কঠিন। বাস্তবতা হচ্ছে আপনি সহজে কিংবা মুক্তভাবে বিষয়গুলো নিয়ে কথা বলতে পারবেন না। ফোর্ট লডারডেলে বাড়ি কিনলো কিংবা বিয়ে করলো বলেই কোনো খেলোয়াড়ের নাম বলতে পারি না।'

# ইউনাইটেডের নতুন হেড কোচ আমোরিম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ম্যানচেস্টার ইউনাইটেডের নতুন হেড কোচ হিসেবে দায়িত্ব পেয়েছেন রুবেন আমোরিম। ২০২৭ সালের জুন পর্যন্ত ডাগআউটে থাকবেন তিনি। এক বিবৃতিতে তা নিশ্চিত করেছে ইউনাইটেড।

এরিক টেন হাগ বরখাস্ত হওয়ার পর ইউনাইটেডের অন্তর্বর্তী কোচ হিসেবে আছেন রুড ফন নিস্টরলয়। তার অধীনে কারাবাও কাপে লেস্টারসিটিকে ৫-২ গোলে হারিয়েছে রেড ডেভিলরা। আরও তিন ম্যাচ ডাগআউটে থাকবেন তিনি। আন্তর্জাতিক বিরতির পর চলতি মাসে তার কাছ থেকে দায়িত্ব বুঝে নেবেন ৩৯ বছর বয়সী আমোরিম।

স্যার অ্যালেক্স ফার্গুসন যুগের পর আমোরিম হতে যাচ্ছেন ইউনাইটেডের ষষ্ঠ কোচ। বর্তমানে পর্তুগিজ ক্লাব স্পোর্টিং সিপির দায়িত্ব পালন করছেন তিনি। তার অধীনে থেকে দুবার লিগ শিরোপা জিতেছে স্পোর্টিং সিপি। শুধু তা-ই নয়, ২০২০ সালের মার্চে আমোরিম দায়িত্ব নেওয়ার পর থেকে ইউরোপের শীর্ষে ১০ লিগের ভেতর জয়ের হারে (৭৭%) সবার ওপরে আছে তারা। মাত্র ৩৩ বছরে কোচিংয়ে নাম লেখানো আমোরিম ক্লাব ফুটবলের বেশিরভাগ সময় কাটিয়েছেন বেলেনেনসেস ও বেনফিকায়। এছাড়া পর্তুগালের জার্সিতে ১৪টি ম্যাচ খেলেছেন সাবেক এই মিডফিল্ডার।

এদিকে গত সোমবার এরিক টেন হাগকে বরখাস্ত করেছে ইউনাইটেড। দুই বছরেরও বেশি সময় থেকে রেড ডেভিলদের একটি করে এফএ কাপ ও লিগ কাপের শিরোপা জিতিয়েছেন তিনি।

# আল হিলালের কাছে পয়েন্ট খোয়াল আল নাসর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সৌদি প্রো লিগের রিয়াদ ডার্বিতে চিরপ্রতিদ্বন্দ্বী দুই দল আল নাসর ও আল হিলাল ১-১ ব্যবধানে ম্যাচ ড্র করে। তালিস্কার গোলে আল নাসর এগিয়ে যাওয়ার পর দ্বিতীয়ার্ধের শেষে আল হিলালকে সমতায় ফেরান মিলিনকোভিচ স্যাভিচ। ঘরের মাঠে আল নাসরের শুরুটা হয় দুর্দান্ত। প্রথম মিনিটেই এগিয়ে যায় তারা। ওতাভিওর দেওয়া ক্রস বক্স থেকে নিয়ন্ত্রণে নিয়ে দারুণ শটে জাল খুঁজে নেন তালিস্কা। ৩৮তম মিনিটে বল জালে পাঠান আল হিলালের আলেক্সান্ডার মিত্রোভিচ। ডান দিক থেকে করা কর্নার থেকে আসা বল নিয়ন্ত্রণে নিয়ে জালে পাঠান তিনি। তবে অফসাইডের কারণে সেটি বাতিল হয়। ৪২তম মিনিটে বল জালে পাঠান তালিস্কা। মাঝমাঠ থেকে ওতাভিওর দেওয়া থ্রু পাস ধরে লক্ষ্যভেদ করেন তিনি। তবে অফসাইডের কারণে এই গোলটিও বাতিল হয়ে যায়। বিরতির পর আরও একবার বল জালে পাঠায় স্বাগতিকরা। ব্রোজোভিচের শট আল হিলাল গোলরক্ষক ইয়াসিন বোনো ঠেকিয়ে দিলেও ফিরতি বল জালে পাঠান তালিস্কা। ততক্ষণে অফসাইডের বাঁশি বাজান রেফারি।

৭৭তম মিনিটে গিয়ে গোল পায় আল হিলাল। আল দাওয়াসারির ব্যাকহিল পাস থেকে বল পান লোদি। তার দেওয়া ক্রস হেডে জালে পাঠান মিলিনকোভিচ স্যাভিচ। ৮৫তম মিনিটে বল টেনে নিয়ে বক্সে শট নেওয়ার আগে আল নাসর গোলরক্ষকের ফাউলের শিকার হন মিত্রোভিচ। এতে পেনাল্টির আবেদন জানায় আল হিলাল। পরে ভিএআর দেখে পেনাল্টি পাওয়া হয়নি সফরকারীদের। শেষদিকে আর কোনো গোল না হলে ড্র নিয়েই মাঠ ছাড়তে হয় দুদলকে।

৯ ম্যাচে ৮ জয় ও ১ ড্রয়ে ২৫ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের শীর্ষে আল হিলাল। সমান ম্যাচে ৫ জয় ও ৪ ড্রয়ে ১৯ পয়েন্ট নিয়ে তিনে আল নাসর। ৮ জয় ও ১ হারে ২৪ পয়েন্ট নিয়ে দুইয়ে আল ইত্তিহাদ।

# নেইমারের মায়ামিতে যাওয়ার গুঞ্জনে যা বললেন মার্টিনো



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লিওনেল মেসি ও লুইস সুয়ারেজদের সঙ্গে নেইমার জুনিয়রের দারুণ বন্ধুত্বের কথা সবারই জানা। মেসি ও সুরারেজ বর্তমানে খেলছেন ইন্টার মায়ামির হয়ে। আর নেইমার রয়েছেন সৌদির ক্লাব আল হিলালে। তবে সেখানেও নাকি মন টিকছে না নেইমারের। তাই গুঞ্জন রয়েছে, মেসি ও সুয়ারেজের সঙ্গে আবারও জুটি গড়তে ইন্টার মায়ামিতে যাচ্ছেন নেইমার। সম্প্রতি সেই গুঞ্জনে হাওয়া দিলেন ইন্টার মায়ামির কোচ জেরার্দো টাটা মার্টিনো। যিনি বার্সেলোনাতেও নেইমার-মেসিদের কোচিং করিয়েছেন। ইএসপিএন বলছে, ১৫০ মিলিয়ন ব্রাজিলিয়ান ডলারে মায়ামিতে নতুন বাড়ি কিনেছেন নেইমার। যা নিয়ে সংবাদ সম্মেলনে এসে প্রশ্নের মুখোমুখি হন মায়ামি কোচ মার্টিনো।

তিনি বলেন, যদি কেউ এখানে বাড়ি কেনে, তার মানে তাদের সবাই কী খেলতে আসছে? আমি বার্সেলোনায় যখন ছিলাম, একই সময়ে সেখানে নেইমারও খেলেছে। আমার জন্য দারুণ সময় ছিল, কারণ উচ্চ মানসম্পন্ন খেলোয়াড়দের সেখানে পেয়েছি। যা সবসময়ই আমার জন্য বিশেষ স্মৃতি। সেখান থেকে লিও (মেসি) এবং আরও কয়েকজন অ্যাথলেটও এখানে এসেছে, সুতরাং যেকোনো কিছুই হতে পারে।

মায়ামি কোচ বলেন, নেইমারকে আনার বিষয়ে আমি ভাবতে পারছি না যে লিগ বেতন ইস্যুটা নমনীয় করবে কি না, সেটি কীভাবে কী করবে জানি না। মিডিয়াতে বলাটা সহজ, তবে বাস্তবতা বেশ কঠিন। যদি বদল না আসে তাহলে এমএলএসের নীতিমালা অনেক কঠিন। বাস্তবতা হচ্ছে আপনি সহজে কিংবা মুক্তভাবে বিষয়গুলো নিয়ে কথা বলতে পারবেন না। ফোর্ট লডারডেলে বাড়ি কিনলো কিংবা বিয়ে করলো বলেই কোনো খেলোয়াড়ের নাম বলতে পারি না।

২০২৫ সালের মাঝামাঝি পর্যন্ত নেইমারের সঙ্গে সৌদি ক্লাব আল-হিলালের চুক্তির মেয়াদ। তবে জানুয়ারি থেকে তিনি প্রাক-চুক্তিতে অন্য কোনো দলে পাড়ি জমাতে পারবেন এই ব্রাজিলিয়ান তারকা। সম্প্রতি দীর্ঘ এক বছরের এসিএল ইনজুরি কাটিয়ে মাঠে ফিরেছেন তিনি। যদিও এএফসি চ্যাম্পিয়ন্স লিগের সেই ম্যাচে তিনি খেলেছেন কেবল শেষ ১৩ মিনিট। এদিকে নেইমার তার পুরোনো ফর্ম ফিরে পাওয়ার আগপর্যন্ত অপেক্ষায় রয়েছে ব্রাজিল জাতীয় দল। আগামী বছরের মার্চে তিনি হলুদ জার্সি গায়ে মাঠে নামতে পারেন।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR